“Mother, [illegible] a man of me.” [illegible] and night,

PASSAGES FOR TRANSLATION

১. একদা এক বালক বিদ্যালয় হইতে অন্য এক বালকের একখানি পুস্তক চুরি করিয়া আনিয়াছিল। শৈশবে তাহার মাতাপিতার মৃত্যু হয়। তাহার মাসি তাহাকে পালন করিয়াছিলেন (১)। তিনি তাহার হস্তে ঐ পুস্তকখানি দেখিয়া জিজ্ঞাসা করিলেন, “ভুবন, এই পুস্তক তুমি কোথায় পাইলে ?” সে বলিল, “বিদ্যালয়ের এক বালকের পুস্তক।” মাসি বুঝিতে পারিলেন ভুবন ঐ পুস্তকখানি চুরি করিয়াছে। কিন্তু তিনি পুস্তক ফিরাইয়া (২) দিতে বলিলেন না এবং ভুবনকে চুরি করিতে নিষেধ করিলেন না।

Hints : 1. To bring up. 2. To return.

২. ইহাতে ভুবনের সাহস বাড়িয়া গেল (১)। সে যতদিন বিদ্যালয়ে ছিল সুযোগ পাইলেই চুরি করিত। এইরূপে সে বিলক্ষণ (২) চোর হইয়া উঠিল। সকলেই জানিতে পারিল, ভুবন বড় চোর হইয়াছে। কাহারও কোন দ্রব্য হারাইলে সকলেই তাহাকে চোর বলিয়া (৩) সন্দেহ করিত। যদি ভুবন অন্য লোকের বাড়ী যাইত, পাছে সে চুরি করে (৪) এই ভয়ে তাহারা অতিশয় সতর্ক (৫) হইত, এবং যথোচিত তিরস্কার (৬) ও প্রহার পর্যন্ত করিয়া তাহাকে তাড়াইয়া দিত (৭)।

Hints : 1. Emboldened still further. 2. Confirmed. 3. As. 4. Lest he should steal. 5. To be alert. 6. Bitter reproaches. 7. To turn out.

৩. এক বাঘের পা খোঁড়া হইয়া গিয়াছিল। বনের মধ্যে তাহার বাসা (১)। বাসা ছাড়িয়া সে নড়িতে পারে না। একদিন এক শিয়াল তাহাকে দেখিতে আসিল। সে দূরে দাঁড়াইয়া দেখিতে লাগিল। বাঘ বলিল, “তুমি ওখানে দাঁড়াইয়া আছ কেন? কাছে এস, গল্প করি।” শিয়াল বলিল, “আমার সাহস হয় না (২)। তোমার নিকট অনেক জন্তু আসিয়াছে। তাহাদের পদচিহ্ন (৩) দেখিতেছি। কিন্তু তাহারা ফিরিয়া গিয়াছে এরূপ কোন চিহ্ন ত দেখিতেছি না।”

আছেন। যদি আ
আনিয়া দিতে পা

Hints : 1
permission ;

৭. এক কৃ
লইয়া যায়। এজ
(২) না পায় ও
মাটিতে পুতিয়া
সেই স্থানে গিয়া

Hints :
4. Could ha

৮. অস্ট্রেলি
নাম অমর (১)
তখন কেহ ভা
(৩) পরিচিত
(৪) গ্রাম্যবিদ্যা

Hints :
much educ

৯. এ সংস
পাখী ধর এবং
ভালরূপে খাইতে

Hints : 1. Den. 2. I dare not. 3. Footprints, marks of paws.

৪. দুই বন্ধু একত্র পদব্রজে (১) ভ্রমণে বাহির হইয়াছিল। তাহারা একটি অরণ্যের নিকট উপস্থিত হইলে হঠাৎ একটি ভালুক দুরে দেখা গেল। বন্ধুদের মধ্যে একজন অতিশয় ভয় পাইয়া তাড়াতাড়ি নিকটবর্তী বৃক্ষে আরোহণ করিল (২)—বন্ধুর কি দশা ঘটিল (৩) তাহা একবারও ভাবিয়া দেখিল না। দ্বিতীয় ব্যক্তি বৃক্ষে আরোহণ করিতে পারিত না। আর কোন উপায় না দেখিয়া (৪) এবং একাকী (৫) ভালুকের সহিত যুদ্ধ করা অসম্ভব ভাবিয়া সে ভূতলে মৃতবৎ পড়িয়া রহিল (৬), কারণ সে পূর্বে শুনিয়াছিল, ভালুক মরা মানুষ ছোঁয় না।

Hints : 1. On foot. 2. Climbed up a tree. 3. What happened. 4. Finding no alternative. 5. Single–handed. 6. Lay as dead.

৫. একদা রাত্রিতে মহম্মদ মহসিন ঘুমাইতেছিলেন, এমন সময় তাঁহার ঘরে চোর আসিল। মহসিনের ঘুম ভাঙ্গিয়া গেল (১)। তিনি বিছানা হইতে উঠিয়া চোরকে ধরিয়া ফেলিলেন। চোর মহাবিপদে পড়িয়া কাঁদিতে লাগিল। পলাইবার চেষ্টা করিল না। মহসিন বুঝিলেন, লোকটি পাকা চোর (২) নয়। তিনি তাহাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি কেন এই পাপের কাজ করিতে (৩) আসিলে ? যে চুরি করে, লোকে তাহাকে ঘৃণা ও অপমান করে, তুমি কি ইহা জান না ?

Hints : 1. Woke up. 2. Confirmed thief. 3. To commit this sinful act.

৬. রাবেয়া অতি দীনভাবে (১) জীবন যাপন করিতেন। তাঁহার কুটিরে একটি মাত্র মাটির জলপাত্র (২) ছিল। তাহা হইতেই তিনি জলপান ও হস্তপদাদি ধৌত করিতেন। একখানি ইষ্টকের উপর মস্তক রাখিয়া ছিন্ন মাদুরে (৩) শয়ন করিতেন। এই সকল দেখিয়া এক ব্যক্তি একদিন তাহাকে বলিলেন, "আমার এক ধনী বন্ধু আছেন। যদি আপনি আদেশ করেন, (৪), তবে আমি তাঁহার নিকট হইতে আপনার ব্যবহারের জন্য কিছু সামগ্রী আনিয়া দিতে পারি।" রাবেয়া উত্তর করিলেন, "তুমি ভুল করিতেছ, আমার কিছুরই কোন অভাব নাই।"

Hints : 1. Humble. 2. Water–pot. 3. Tattered (or torn) mat. 4. With your permission ; if you permit.

৭. এক কৃপণের কিছু সম্পত্তি ছিল। সর্বদা তাহার এই ভয় হইত পাছে কোন চোর বা ডাকাত তাহা লইয়া যায়। এজন্য সে স্থির করিল এমন একটি ব্যবস্থা করা দরকার (১) যাহাতে কেহ তাহার অর্থের সন্ধান (২) না পায় ও চুরি করিতে না পারে। অবশেষে সে সর্বস্ব বেচিয়া ফেলিল, এবং এক তাল সোনা (৩) কিনিয়া মাটিতে পুতিয়া রাখিল। কিন্তু এরূপ করিয়া সে নিশ্চিন্ত হইতে পারিল না (৪)। প্রতিদিন সে গোপনে একবার সেই স্থানে গিয়া দেখিয়া আসিত সোনা আছে কিনা।

Hints : 1. Should be made (or taken). 2. To trace. 3. A lump of gold. 4. Could have no peace of mind.

৮. অস্ট্রেলিয়া মহাদেশের নাম তোমরা নিশ্চয় শুনিয়া থাকিবে। এই দেশ আবিষ্কারের সঙ্গে কাপ্তেন কুকের নাম অমর (১) হইয়া আছে। ইংলন্ডের একটি ছোট্ট গ্রামে ১২৭৮ খৃঃ অব্দে জেম্‌স্ কুক যখন জন্মগ্রহণ করেন তখন কেহ ভাবিতেও (২) পারেন নাই যে এই শিশু পৃথিবীর মধ্যে একজন দুঃসাহসিক নাবিকরূপে (৩) পরিচিত হইবেন। কুকের পিতা কৃষক ছিলেন। ছেলেবেলায় কুকের লেখাপড়া তেমন কিছুই হয় নাই। (৪) গ্রাম্যবিদ্যালয়ে মোটামুটি লিখিতে, পড়িতে ও সহজ অঙ্ক কষিতে শিখিয়াছিলেন (৫)।

Hints : 1. Immortal. 2. Conceive. 3. As a most daring sailor. 4. Did not have much education. 5. Learnt the three R's.

৯. এ সংসারে কেহই আবদ্ধ থাকিতে (১) ভালবাসে না। সকলেই স্বাধীন হইতে চায়। যদি তুমি একটি পাখী ধর এবং তাহাকে খাঁচায় পুরিয়া রাখ, পাখীটি কেবলই খাঁচার বাহির হইতে চেষ্টা করিবে। যদি তাহাকে ভালরূপে খাইতে দাও ও ভাল জল পান করিতে দাও তথাপি সে খাঁচায় থাকিতে ভালবাসিবে না, সে বনে

উড়িয়া যাইতে চাহিবে যদি উড়িয়া পলাইতে না পায় তাহা হইলে সে দুঃখে শুকাইয়া যাইবে (২) ও অবশেষে হয়ত মরিয়া যাইবে। তোমার দেওয়া ভাল খাদ্য ও জল তাহার মোটেই ভাল লাগিবে না (৩)।

Hints : 1. To be kept confined or shut up. 2. Will pine away in sorrow. 3. He will not like at all.

১০ খৃষ্টীয় একাদশ শতাব্দীর শেষভাগে বল্লাল সেনের সময়ে বঙ্গদেশের রাজগৌরব চতুর্দিকে বহুদূর পর্যন্ত বিস্তৃত হইয়াছিল (১)। বর্তমান বাংলাদেশ ও পশ্চিম বাংলার অধিকাংশ স্থান এবং বিহার ও উড়িষ্যার কতকাংশ তাঁহার রাজ্যভুক্ত ছিল। বিক্রমপুরের অন্তর্গত রামপালে তাঁহার রাজধানী ছিল। কিন্তু গঙ্গাতীরে বাস করিবার জন্য তিনি নবদ্বীপে রাজপ্রসাদ, সভামণ্ডপ (২), পারিষদবর্গের (৩) বাসস্থান প্রভৃতি নির্মাণ করাইয়া ক্রমে উহাকে বৈভবশালী (৪) দ্বিতীয় রাজধানীতে পরিণত করেন। শেষজীবনে তিনি অধিকাংশ সময় নবদ্বীপেই বাস করিতেন। তাহার ফলে দেশ বিদেশে বহু বিদ্বান, বুদ্ধিমান, গুণবান ব্যক্তি নবদ্বীপে সমবেত হওয়ায় নবদ্বীপ বিদ্যাচর্চার কেন্দ্ররূপে (৫) পরিণত হয়।

Hints : 1. Extended far and wide. 2. Court. 3. Courtiers. 4. Prosperous. 5. Centre of learning.

১১ ঢাকা জিলার কুমারভোগ গ্রামে আমার জন্ম। উহা এখন বাংলাদেশে। আমি বোধহয় আর জীবনে কোনদিন সেখানে যাইব না। ঘরবাড়ী, মাঠ, গাছপালা সবই ঠিক পূর্বের মত আছে, কেবল আমরাই নাই। সে সব যে আমি কত ভালবাসিতাম তাহা পূর্বে জানিতাম না। এখন উহাদের কথা মনে হইলে (১) চোখ জলে ভরিয়া উঠে। একটি খুব ভাল আমগাছ আছে ; আমার মা উহা পুতিয়াছিলেন (২)। শৈশবেই আমি মাতৃহারা—তাঁহার কথা স্পষ্ট (৩) মনে নাই কিন্তু ঐ গাছটিকে আমি মায়ের মতন মনে করিতাম (৪)। সে গাছ আর জীবনে দেখিব না।

Hints : 1. Whenever I think of them. 2. Planted 3. Distinctly. 4. Looked upon, regarded.

১২ পাঞ্জাবে তখন ছোটবড় অনেকগুলি রাজ্য ছিল। সকলে মিলিয়া যদি আলেকজান্ডারের সহিত যুদ্ধ করিত (১) তাহা হইলে কি হইত বলা যায় না (২) কিন্তু তাহা হইল না। বরং (৩) তক্ষশিলার (৪) রাজা সন্ধি করিয়া (৫) আলেকজান্ডারের অধীনতা স্বীকার করিয়া (৬) লইলেন। শুধু পুরুরাজ আলেকজান্ডারের সঙ্গে যুদ্ধ করিলেন। কিন্তু তিনি পরাজিত হইলেন। তবে আলেকজান্ডার তাহার বীরত্বে মুগ্ধ হইয়া তাঁহাকে রাজ্য ফিরাইয়া দিলেন। এইরূপে আলেকজান্ডার সমগ্র পাঞ্জাবই অধিকার করিলেন।

Hints : 1. If they had made common cause against. 2. We cannot say 3. On the contrary. 4. Taxila, 5. To make peace. 6. To submit to.

১৩ একলব্য ব্যাধরাজ (১) হিরণ্যধনুর পুত্র। ছেলেবেলা হইতেই তাহার অস্ত্রবিদ্যা (২) শিক্ষা করিবার প্রবল ইচ্ছা ছিল। সে সময় দ্রোণাচার্যের যশ বহুদূরে ছড়াইয়া পড়িয়াছিল। লোকে বলিত যে তাঁহার ন্যায় বীর সমগ্র ভারতে আর নাই। একলব্যের বড়ই ইচ্ছা হইল যে দ্রোণের নিকট অস্ত্রবিদ্যা শিখিবে। একদিন একলব্য দ্রোণাচার্যের শিষ্য হইবার আশায় তাহার নিকট গমন করিল। কিন্তু দ্রোণ ব্যাধপুত্রের গুরু (৩) হইতে স্বীকৃত হইলেন না। তখন একলব্য ভগ্নহৃদয়ে (৪) সেই স্থান ত্যাগ করিয়া গভীর বনে প্রবেশ করিল। সেখানে একটি কুটির নির্মাণ করিল এবং দ্রোণের একটি প্রতিমূর্তি গড়িয়া তাহার সম্মুখে একাগ্রচিত্তে (৫) অস্ত্রবিদ্যা অভ্যাস করিতে লাগিল।

Hints : 1. King of fowlers. 2. Archery. 3. Tutor. 4. With a broken heart, disheartened. 5. With undivided attention.

১৪ এক মশক কোন এক বৃষের মস্তকের উপর কিছুক্ষণ উড়িয়া পরিশেষে তাহার শৃঙ্গের উপরিভাগে উপবিষ্ট হইল এবং মনে মনে চিন্তা করিল (১) হয়ত বৃষ তাহার ভারে ক্লেশ বোধ করিতেছে (২)। এইরূপ

বিয়া সে বৃষকে বলিল, "ভাই হে , আমার ভার যদি তোমার ক্লেশকর হইয়া থাকে, তবে, আমি এখনই উড়িয়া যাইতেছি। আমি তোমায় ক্লেশ দিতে চাই না।" ইহা শুনিয়া বৃষ বলিল, "তুমি সেজন্য চিন্তিত হইও না (৩)। তুমি থাক বা যাও আমার পক্ষে দুইই সমান (৪)। তুমি এত ক্ষুদ্র যে তুমি আমার শৃঙ্গে বসিয়াছ তাহা এ পর্যন্ত আমার অনুভব হয় নাই (৫)।

Hints : 1. Thought within itself. 2. Might feel uncomfortable, was smarting. 3. You need not worry about it. 4. It is all the same. 5. I did not even feel ; I was not even conscious.

১৫ আমার (রবীন্দ্রনাথ) বয়স তখন সাত আট বছরের বেশী হইবে না। আমার এক ভাগিনেয় শ্রীযুক্ত জ্যোতিঃপ্রকাশ আমার চেয়ে বেশ একটু বড়ো (১)। আমার মত শিশুকে কবিতা লেখাইবার জন্য তাহার হঠাৎ কেন যে উৎসাহ হইল (২) বলিতে পারি না। একদিন দুপুরবেলা তাহার ঘরে ডাকিয়া লইয়া বলিলেন, " তোমাকে পদ্য লিখিতে হইবে।" পদ্য জিনিসটাকে এপর্যন্ত ছাপার বইতেই দেখিয়াছি। এই পদ্য যে নিজে চেষ্টা করিয়া লেখা যাইতে পারে (৩), একথা কল্পনা করিতেও সাহস হইত না।

Hints : 1. Pretty senior to me in age ; older than I by many years. 2. Felt enthused. 3. Could be written by one's own efforts.

১৬ স্বামী বিবেকানন্দ বিশ্বাস করিতেন যে প্রত্যেক মানুষের মধ্যেই ভগবান আছেন। কাজেই মানুষের সেবাই (১) ভগবানকে ভক্তি দেখাইবার শ্রেষ্ঠ উপায়। এই শিক্ষা তিনি রামকৃষ্ণদেবের নিকট লাভ করিয়াছিলেন। হিন্দু, মুসলমান, জৈন, খৃষ্টান রামকৃষ্ণদেবের নিকট সমান ছিল। তিনি ব্রাহ্মণ-শূদ্র ভেদ করিতেন না (২)। সকল মানুষই তাঁহার প্রিয় ছিল। মানুষের দুঃখকষ্ট তিনি সহ্য করিতে পারিতেন না। একবার কোন গ্রামে তিনি দেখিতে পাইলেন যে অন্নাভাবে লোকে বড় কষ্ট পাইতেছে। মথুরবাবুকে তিনি বলিলেন, " উহাদের কষ্ট নিবারণ কর, মথুর— উহাদিগকে অন্ন দাও, উহারাই ত ভগবান।"

Hints : 1. To serve man. 2. Made no distinction.

১৭ গ্রামের বেশীর ভাগ লোক গরীব। সেজন্য পুরুষ ও মেয়েদের প্রায় সকলেই সারাদিন কাজ করে। পুরুষের মধ্যে অনেকে মাঠে চাষের কাজ করে (১) এবং মেয়েরা ঘরের কাজ করে (২)। কতক লোক অন্যের বাড়ীতে কাজ করে। চাষিরা সকাল বেলা গরু, মহিষ, লাঙ্গল প্রভৃতি লইয়া মাঠে যায়, এবং সমস্তদিন তথায় কাজ করিয়া সন্ধ্যাবেলা বাড়ী ফিরিয়া আসে। অনেক সময় তাহাদের ভাত, ডাল ইত্যাদি মাঠে লইয়া যাইতে হয়, কারণ তাহারা দুপুরবেলা বাড়ীতে আসার মত সময় পায় না। গ্রামের কিছু লোক শহরে চাকুরি (৩) বা ব্যবসায় (৪) করে। এরূপ চাকুরিয়া ও ব্যবসায়ীদের কেহ কেহ রাত্রিতে বাড়িতে ফিরে।

Hints : 1. Work as cultivators. 2. Work at home, do household works. 3. To serve. 4. To carry on business.

১৮ অবশেষে একদিন সত্যই (১) বাঘ আসিয়া তাহার পালের (২) গরু আক্রমণ করিল। তখন রাখাল নিতান্ত ব্যাকুল হইয়া (৩) 'বাঘ' 'বাঘ' বলিয়া উচ্চৈঃস্বরে বার বার চীৎকার করিতে লাগিল। কিন্তু সেদিন একটি প্রাণীও তাহার সাহায্যার্থে উপস্থিত হইল না। সকলেই মনে করিতে লাগিল, ধূর্ত (৪) রাখাল আগেকার মত মিথ্যা চীৎকার করিতেছে (৫)। বাঘ ইচ্ছামত (৬) পালের গরু বধ করিল এবং অবশেষে রাখালের প্রাণসংহার করিয়া চলিয়া গেল। নির্বোধ রাখাল এই বলিয়া প্রাণত্যাগ করিল, "মিথ্যাবাদীরা সত্য বলিলেও কেহ তাহাদিগকে বিশ্বাস করে না।"

Hints : 1. Actually. 2. Herd. 3. In alarm. 4. Wicked. 5. Was raising false alarm. 6. Freely as it pleased.

১৯ ভ্রমর শুনিয়াই পিতাকে আনিতে লোক পাঠাইলেন (১)। শুনিবামাত্র মাধবীনাথ কন্যার নিকট আসিলেন। ভ্রমর তাঁহাকে পঞ্চাশ হাজার টাকা বাহির করিয়া দিয়া সজলনয়নে (২) বলিলেন, "বাবা এখন যা করতে হয়

করো। দেখিও আমি আত্মহত্যা না করি।" মাধবীনাথ কাঁদিতে কাঁদিতে বলিলেন, "মা, নিশ্চিন্ত থাকিও, আমি আজই যশোহরে যাত্রা করিলাম। কোন চিন্তা করিও না। গোবিন্দলাল যে খুন করিয়াছেন তাহার কোন প্রমাণ নাই। আমি প্রতিজ্ঞা করিয়া যাইতেছি যে, তোমার আটচল্লিশ হাজার টাকা বাঁচাইয়া আনিব (৩) আর আমার জামাইকে দেশে আনিব।"

Hints : 1. Sent for. 2. With tears in her eyes. 3. Save.

২০ মানসিংহ ঈশা খাঁর প্রস্তাবে সম্মত হইলেন, দুর্গের বাহিরে দুইজনে যুদ্ধ আরম্ভ হইল। হঠাৎ ঈশা খাঁর তরবারির আঘাতে মানসিংহের তরবারি ভাঙ্গিয়া গেল। ঈশা খাঁ তখন অনায়াসে মানসিংহকে নিধন করিতে পারিতেন। কিন্তু নিরস্ত্র (১) শত্রুর দেহে আঘাত করিতে বীর ঈশা খাঁর অন্তর চাহিল না (২)। নিজের তরবারি মানসিংহের হাতে দিয়া বলিলেন "আপনি আমার অস্ত্র গ্রহণ করুন। আমি আর একখানা আনাইয়া লইতেছি।" ঈশা খাঁর মহত্ত্বে (৩) মানসিংহ মুগ্ধ হইয়া গেলেন। বলিলেন— "ঈশা খাঁ, তুমি বীর। তোমাকে যে বিদ্রূপ করিয়াছিলাম — সে জন্য ক্ষমাপ্রার্থনা করিতেছি।"

Hints : 1. Unarmed. 2. Did not like. 3. Nobleness.

২১ বেলুড় মঠে অনুরূপ আর একটি ঘটনা ঘটেছিল। শ্রীযুক্ত বাবুরাম মহারাজ মঠের কাজকর্ম তত্ত্বাবধান করেন (১)। রান্নার জন্য মঠে তখন ব্রাহ্মণ পাচক ছিল। তরুণ ব্রহ্মচারীদের কেউ কেউ সেই ব্রাহ্মণ পাচকদের "তুই", "তোর" ভাষায় (২) একটু তাচ্ছিল্য প্রকাশ করে (৩) কথাবার্তা বলতেন। বাবুরাম মহারাজ এটি লক্ষ্য করেছিলেন। ব্রহ্মচারীদের উদ্দেশ্য করে একদিন তিনি বললেন, " দেখ এরা গরীবলোক , তাই এদের দুটো টাকা (অর্থাৎ বেতনস্বরূপ কিছু অর্থ) নিতে হয় — এই যা বিশেষ (৪)। নতুবা তোমরা ঠাকুরের (৫) সেবার জন্য যা করছ, এরাও ত তা-ই করছে, এদের এমনভাবে তুচ্ছ-তাচ্ছিল্য করা কি ঠিক ?" তাঁর কথায় সকলের চমক ভাঙ্গল (৬), সকলের দৃষ্টি ও ব্যবহার সেই থেকে পরিবর্তিত হল।

Hints : 1. To look after, to be in charge. 2. Addressing them as 'thou' and 'thee'. 3. In a slighting tone. 4. Difference. 5. The Master. 6. Opened the eyes of.

২২ দক্ষিণেশ্বরের কালীমন্দিরে ছিলেন পূজারী ব্রাহ্মণ (১) রামকৃষ্ণ পরমহংস। সরল সাদাসিদে (২) লোক। নরেন শুনিল, তিনি নাকি ভগবানকে জানেন, অমনি সে দক্ষিণেশ্বরে ছুটিল। সোজা রামকৃষ্ণকে গিয়া বলিল, 'তুমি ভগবানকে দেখতে পাও ?' মিষ্টি হাসিয়া রামকৃষ্ণ বলিলেন, 'পাই বই কি বাবা (৩)। তোমায় যেমন দেখছি, তার চেয়ে স্পষ্ট করে তাঁকে দেখতে পাচ্ছি। তিনি যে তোমার আমার সকলের হৃদয়েই আছেন, তিনি যে আমার সামনেই রয়েছেন।' নরেন অনেক সাধুসন্ন্যাসী দেখিয়াছে, অনেককে ভগবান সম্বন্ধে প্রশ্নও করিয়াছে, কিন্তু এমন স্পষ্ট (৪) উত্তর কাহারও কাছে পায় নাই। বিস্ময়ে, ভক্তিতে (৫) ও শ্রদ্ধায় (৬) তাহার মাথা নত হইয়া গেল।

Hints : 1. The Brahmin priest. 2. Unassuming. 3. Certainly I do, my son. 4. Definite or clear. 5. Reverence. 6. Respect.

২৩ কিছুকাল পরে ঝান্সীর মারাঠা রাজা গঙ্গাধর রাওয়ের সঙ্গে মনুর বিয়ে হল এবং মারাঠি নিয়ম (১) অনুসারে শ্বশুরগৃহে মনুর নূতন নাম হল (২) লক্ষ্মীবাঈ। আঠারো বছর বয়সে তাঁর একটি পুত্র জন্মে, কিন্তু অল্পকাল পরেই তার মৃত্যু হয়। পুত্রশোকের আঘাত সামলাবার (৩) পূর্বেই তার স্বামী গঙ্গাধর রাওয়ের মৃত্যু হল। মৃত্যুর পূর্বে গঙ্গাধর রাও এক পোষ্যপুত্র গ্রহণ (৪) করেন, তার নাম দামোদর রাও। এবার আঘাত এল ইংরেজ সরকারের কাছ থেকে। পোষ্যপুত্রের রাজা হবার অধিকার নেই (৫), এই অজুহাতে বড়লাট লর্ড ডালহৌসী লক্ষ্মীবাঈয়ের কাছ থেকে ঝান্সী কেড়ে নিলেন।

Hints : 1. Custom. 2. Got a new name. 3. Recover from the shock of her son's

২৪ পশ্চিমবঙ্গের হুগলী জিলার অন্তর্গত দেবানন্দপুর গ্রামে ১৮৭৬ খৃষ্টাব্দের ১৫ই সেপ্টেম্বর শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্ম হয়। ভাগলপুরে মাতুলালয়ে তাঁহার প্রথম জীবন অতিবাহিত (১) হয়। টি এন জুবিলী কলেজিয়েট স্কুল হইতে দ্বিতীয় বিভাগে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া শরৎচন্দ্র স্থানীয় কলেজে ভর্তি হন। কিন্তু আর্থিক অস্বচ্ছলতাবশতঃ (২) ইনি বেশীদূর পড়িতে পারেন নাই, — এফ, এ, পড়িতে পড়িতে (৩) পাঠ সমাপ্ত করিতে বাধ্য হন। ইহার কয়েক বৎসর পরে শরৎচন্দ্র রেঙ্গুনে যাত্রা করেন এবং সেখানে অ্যাকাউন্টেন্ট জেনারেল অফিসে একটি কর্মে নিযুক্ত হন। কিছুদিন পরে ঐ কার্যে ইস্তফা দিয়া ইনি স্বদেশে ফিরিয়া আসেন। চোদ্দ বৎসর বয়সের সময় শরৎচন্দ্র উপন্যাস লিখিতে আরম্ভ করেন। তাঁহার “ কাশীনাথ” নামক উপন্যাসখানি এই সময়ের রচনা।

Hints : 1. Early years. 2. On account of pecuniary difficulties. 3. While yet a student of the F. A. class ; from the F. A. class.

২৫ রামবাবু — নমস্কার (১)। এত সকালে আপনি কোথায় যাইতেছেন ?

শ্যামবাবু — নমস্কার। আপনার কাছেই যাইতেছিলাম।

রামবাবু — কি সৌভাগ্য (২)। এতদিন পরে কি মনে করিয়া (৩) ?

শ্যামবাবু — আমি একটি বড় বিপদে পড়িয়াছি, আপনার সাহায্যের বিশেষ প্রয়োজন।

রামবাবু — কি বিপদ, জানিতে পারি কি ?

শ্যামবাবু — আমার যে ছেলেটি কলিকাতা সিটি কলেজে পড়ে, তাহার কোন সংবাদই অনেকদিন যাবৎ পাইতেছি না। তাহার মা অত্যন্ত চিন্তিত হইয়া পড়িয়াছেন।

রামবাবু — বোধ হয় কোথাও বেড়াইতে গিয়াছে। আমি রমেশের কাছে এখনই টেলিগ্রাম করিয়া দিতেছি, সে তাহার সংবাদ দিতে পারিবে।

Hints : 1. Good morning. 2. What luck. 3. But, why after such an age ?

২৬ কালিদাস ভারতের সেক্সপীয়র নামে প্রসিদ্ধ। তাঁহার নাম অমর হইয়া আছে। বিক্রমাদিত্যের সভার নবরত্নের (১) মধ্যে তিনি সর্ব্বশ্রেষ্ঠ ছিলেন। — কেবল ভারতীয় পণ্ডিতগণই নহে, ম্যাক্সমুলারের (২) ন্যায় য়ুরোপীয় সমালোচকও তাঁহার কাব্য ও নাটকের প্রশংসা করিয়াছেন। কালিদাস কোন যুগে জন্মগ্রহণ করিয়াছিলেন, কেহ সঠিক বলিতে পারেন না (৩) কিন্তু কাল তাঁহার ন্যায় কবির কৃতিত্ব ম্লান করিতে পারে না (৪)। বহু শতাব্দী হইল কালিদাসের মৃত্যু হইয়াছে, কিন্তু তাহার উজ্জ্বল কৃতিত্ব আজিও অক্ষয় রহিয়াছে (৫) । তাহার কাব্য ও নাটক সংস্কৃতসাহিত্যের অমূল্য সম্পদ।

Hints : 1. Nine Gems. 2. Maxmuller. 3. Say with certainty when he was born. 4. The glory of a poet like him cannot be dimmed by time. 5. His glory shines bright still.

২৭ দুই সপ্তাহ পরের কথা । বৃদ্ধ পোস্টমাস্টার (১) একদিন সত্যসত্যই নীলকমলকে ডেকে গম্ভীরভাবে বললেন, “ দেখ, তোমার বদলীর হুকুম এসেছে। বহরমপুর সদরে (২) মেল পিয়নের কাজে যোগদান করতে হবে।” বিনামেঘে বজ্রাঘাত (৩) হয় নীলকমলের মাথায়। একথা সে একদিনের জন্যও ভাবেনি। এত তাড়াতাড়ি বদলী। পোস্টমাস্টারকে অনুনয় বিনয় করে বলল, (৪) “দেখুন, মাস ছয়েক যাতে আমি আর এখানে থাকতে পারি, দয়া করে তার একটা ব্যবস্থা করুন।” “না, — তা হয় না”, গম্ভীরভাবে বললেন পোস্টমাস্টার।

Hints : 1. Two weeks after, the old Postmaster. 2. Head-office. 3. A bolt from the blue. 4. Entreated humbly.

২৮ মনুষ্যজাতি একাকী থাকিতে ভালবাসে না। তাহারা পিতা, মাতা, ভ্রাতা, স্ত্রী, পুত্র, কন্যা প্রভৃতি পরিবারবর্গের মধ্যে এবং প্রতিবেশীমণ্ডলে বেষ্টিত হইয়া (১) বাস করে। এরূপও দেখা যায় কোনও কোনও

ব্যক্তি লোকালয় ছাড়িয়া (২) অরণ্যে বাস করে ; কিন্তু এরূপ লোক অতি বিরল। অধিকাংশ লোকই গ্রামে, শহরে ও নগরে পরস্পরের নিকট বাড়ী নির্মাণ করিয়া বাস করে। যেখানে অল্প লোক বাস করে তাহার নাম গ্রাম। যেখানে বহুসংখ্যক লোকের বাস তাহাকে শহর বা নগর বলে। যে নগরে রাজার বাস, অথবা রাজকীয় প্রধান স্থান থাকে (৩), তাহাকে রাজধানী বলে, যেমন লন্ডন ইংলন্ডের এবং দিল্লী ভারতের রাজধানী।

Hints : 1. Surrounded by neighbours. 2. Instead of human habitations ; avoid human habitations. 3. The seat of the government.

২৯ সেকালের মগধে একটি বিশ্ববিদ্যালয় ছিল। তাহার নাম নালন্দা। পাটনা হইতে কয়েক ক্রোশ দূরে তাহার স্থান (১) বাহির হইয়াছে। মাটির তলে তাহার অনেক চিহ্ন (২) পাওয়া গিয়াছে। এই নালন্দা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধশাস্ত্র পড়ান হইত। এ স্থানে অনেক অধ্যাপক ছিলেন। নালন্দায় দেশ বিদেশ হইতে দলে দলে (৩) ছাত্র আসিয়া বৌদ্ধশাস্ত্র অধ্যায়ন করিত। এমন কি চীন প্রভৃতি দেশ হইতেও ছাত্র আসার কথা শোনা যায়। এই নালন্দা বিশ্ববিদ্যালয়ে বঙ্গদেশের এক রাজপুত্র অধ্যয়ন করিতে আসিয়া ক্রমে তাহার অধ্যক্ষ পর্যন্ত হইয়াছিলেন। যিনি এইরূপ গৌরব লাভ করিয়াছিলেন তাহার নাম শীলভদ্র।

Hints : 1. Site. 2. Relics. 3. Large numbers.

৩০ সেই ইংরেজ বলিল, "আমার মা আছেন। আমার মাকে অনেকদিন দেখিনি, মাকে দেখবার জন্য প্রাণ বড় আকুল হয়েছে" (১) — বলিতে বলিতে তাহার চোখ ছল ছল (২) করিয়া আসিল।

নেপোলিয়ান তৎক্ষণাৎ বলিলেন, "আচ্ছা, মায়ের সঙ্গে তোমার দেখা হবে ; আমি দেখা করিয়ে দেব (৩)। যে ছেলে এত সাহসী তার মা না-জানি কত মহৎ।"

নেপোলিয়ান তাহাকে একটি মোহর (৪) দিলেন এবং নিজের জাহাজে করিয়া তাহাকে ইংলন্ডে পাঠাইয়া দিলেন। দুঃখে পড়িলেও সেই মোহরটি সে কখনও ভাঙায় নাই, নেপোলিয়ানের দয়া মনে রাখিবার জন্য (৫) সেই মোহরটি সে চিরদিন কাছে রাখিয়াছিল।

Hints : 1. My heart yearns. 2. His eyes were suffused with tears. 3. Shall arrange it. 4. Gold coin. 5. In remembrance of.

৩১ শিখসম্প্রদায়ের প্রতিষ্ঠাতা (১) মহাত্মা নানক ১৮৬৯ খৃষ্টাব্দে পাঞ্জাবে জন্মগ্রহণ করেন। তিনি জাতিতে ক্ষত্রিয়। অতি শৈশবকাল হইতেই তিনি ধর্মপ্রাণ ও পরোপকারী (২) ছিলেন। তাঁহার পিতার আর্থিক অবস্থা স্বচ্ছল ছিল না (৩)। তিনি নানককে বাল্যকাল হইতেই অর্থোপার্জনের চেষ্টা করিতে উপদেশ দিতেন। কিন্তু নানক দেশে দেশে ঘুরিয়া বহু সাধুসন্ন্যাসীর সহিত মিশিলেন (৪) ও নানা শাস্ত্র পাঠ করিলেন। এই সমস্ত আলোচনার ফলে তিনি বুঝিলেন (৫) ঈশ্বর এক।

Hints : 1. Founder. 2. Religious-minded and benevolent. 3. Was not well-off. 4. Came in contact with. 5. Realised.

৩২ লেখাপড়া না শিখিলে কেহ কখনও বড় হইতে পারে না। জগতে যে সমস্ত ব্যক্তি জ্ঞানী ও গুণী বলিয়া

আশা করা কি অন্যায় ? দেশকে ভালবাসিতে হইবে, দেশবাসীকে নিজের ভায়ের মত দেখিতে হইবে। তাহা হইলে শিক্ষার মূল্য কি ? আমাদের শিক্ষায়তনগুলিকে সমাজসেবার কেন্দ্ররূপে (৩) গড়িয়া তুলিতে হইবে।

Hints : 1. Devote themselves to. 2. An important part. 3. Centres of social rvice.

৩৪ হর্ষবর্ধন অতিশয় দানশীল (১) রাজা ছিলেন, নানাবিধ পুণ্যকার্যে তিনি যথেষ্ট অর্থ ব্যয় করিতেন। নি প্রতি পাঁচ বৎসর অন্তর (২) একটি মেলা বসাইতেন (৩) এবং পাঁচ বৎসরের সঞ্চিত সমস্ত ধন মেলায় লাইয়া দিতেন। সাধু ও পণ্ডিতগণ জাতিধর্ম-নির্বিশেষে (৪) তাঁহার দান পাইতেন। তাঁহার সময়ে বিদ্যাচর্চার (৫) নিমিত্ত বিহারের নালন্দা নামক স্থানে বহু অর্থ ব্যয়ে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। নালন্দায় প্রায় দশ সহস্র ত্র ও অধ্যাপক বাস করিতেন। শীলভদ্র নামক এক বাঙ্গালী বৌদ্ধ ঐ বিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন।

Hints : 1. Charitable. 2. Every five years. 3. Held a fair. 4. Without any dis- inction of caste or creed. 5. Cultivation of learning.

৩৫ যে স্বয়ং চেষ্টা করে ঈশ্বর তাহার সহায় হন। পৃথিবীতে যাঁহারা বড় হইয়াছেন, তাঁহাদের জীবনী হইতে আমরা এই শিক্ষাই পাইয়া থাকি। বিদ্যাই হোক আর ধনই হোক, স্বয়ং পরিশ্রম না করিলে (১) কেহ তাহা লাভ করিতে পারে না। এক রাজপুত্র এক পণ্ডিতকে বলিয়াছিলেন, "মহাশয়, সাধারণ লোক পরিশ্রম করিয়া বিদ্যাশিক্ষা করিতে পারে, তাহাদের পরিশ্রম করিবার অভ্যাস আছে (২)। কিন্তু আমি রাজপুত্র, আমার জন্য কি কোনও সহজ উপায় বাহির করিতে পারেন না (৩) ?" পণ্ডিত ঈষৎ হাসিয়া বলিলেন, "কুমার, এ বিষয়ে রাজাপ্রজা — উভয়েই সমান, রাজার বিদ্যাশিক্ষার স্বতন্ত্র কোন উপায় নাই।"

Hints : 1. Without self-exertion. 2. Are used to labour. 3. Find out an easy means.

৩৬ পরদিন ব্রাহ্মণের বাড়ীতে মনের আনন্দ ও কৃতজ্ঞতা জানাইতে (১) আসিয়া সাঁওতাল প্রায় কাঁদিয়া ফেলিল (২)। সে কহিল — আপনি কি মানুষ না দেবতা ? এই কারমাটার শহরে একটি লোকও আমার দিকে ফিরে চান নি (৩) ; আপনার দয়ায় আমি আমার স্ত্রীকে ফিরে পেয়েছি। একটা মেথরের স্ত্রীকে বাঁচাবার জন্য মানুষ কি কখনো এমন কাজ করতে পারে ? আমি বড় দরিদ্র—আপনাকে কি দিতে পারি ? শুনিয়া (৪) অনেকে হয় জিজ্ঞাসা করিবে, কে এই ব্রাহ্মণ ? এই ব্রাহ্মণের নাম ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

Hints : 1. To express. 2. Almost burst into tears. 3. Did not take any notice of me. 4. On hearing this story.

৩৭ নিমাইয়ের প্রতিভাতে সকলেই চমকিত (১)। ছাত্রাবস্থায়ই তিনি ন্যায়ের একখানা প্রধান গ্রন্থের উপর একটি টীকা (২) লিখিতে আরম্ভ করিলেন। কথাপ্রসঙ্গে (৩) একদিন জনৈক মেধাবী সহপাঠীকে তাহা কিছু পড়িয়া শুনাইলেন (৪)। শুনিতে শুনিতে এই সহপাঠীর অশ্রু ঝরিতে লাগিল (৫)। দেখিয়া নিমাইয়ের বিস্ময়ের সীমা রইল না। নিমাই তাঁহাকে সান্ত্বনা দিয়া বারংবার ইহার কারণ জিজ্ঞাসা করিলে তাঁহার ভালবাসায় মুগ্ধ (৬) সহপাঠী বলিলেন, "ভাই, বহু পরিশ্রম করিয়া আমি ঐ গ্রন্থের একখানি টীকা লিখিয়াছি। কিন্তু তোমার লেখা শুনিয়া মনে হইল (৭) তোমার গ্রন্থ সম্পূর্ণ হইলে আমার গ্রন্থ কেহ পাঠ করিবে না।" সহপাঠীর দুঃখের কারণ শুনিয়া নিমাই হাসিতে হাসিতে সেই মুহূর্তেই টীকাটি গঙ্গার জলে ফেলিয়া দিলেন।

Hints : 1. Wondered. 2. Commentary. 3. In course of talk. 4. Read out to. 5. To trickle down. 6. Charmed. 7. Felt.

৩৮ এক বৃদ্ধ কৃষকের সম্বন্ধে একটি সুন্দর গল্প আছে। তাহার মৃত্যুকাল উপস্থিত দেখিয়া সে তাহার অলস পুত্রগণকে একটি গোপনীয় কথা বলিয়া যাইবার নিমিত্ত (১) তাহার শয্যার পার্শ্বে ডাকিয়া কহিল, " পুত্রগণ, মি যে ক্ষেত্রটি রাখিয়া যাইতেছি তাহাতে প্রচুর গুপ্তধন (২) নিহিত আছে।" এই মাত্র বলিতেই বৃদ্ধের ক্রোধ হইয়া আসিল (৩)। তাহার পুত্রগণ সমস্বরে (৪) বলিয়া উঠিল, " ক্ষেত্রটির কোন্ স্থানে উহা আছে।"

বৃদ্ধ বলিল, “খুঁড়িলেই গুপ্তধন পাইবে।” এই বলিতে বলিতেই তাহার শ্বাসরোধ হইয়া মৃত্যু হইল (৫)। গুপ্তধন ঠিক কোন্ স্থানে আছে তাহা আর তাহার পুত্ররা জানিতে পারিল না । তবে ঐ বৎসর ঐ ক্ষেত্রটিতে প্রভূত শস্য (৬) জন্মাইয়াছিল। ইহাই গুপ্তধন।

Hints : 1. To confide a secret. 2. Hidden treasure. 3. Felt breathing difficulty; breath began to fail. 4. With one voice. 5. His breath failed and he died. 6. A bumper crop.

৩৯ রামকৃষ্ণের সহধর্মিণী সারদাদেবী আদর্শ নারী ছিলেন। তাহার ন্যায় মধুরস্বভাবা (১) রমণী খুব কমই দেখা যায় (২)। সংসারের ভোগবিলাসের প্রতি তাঁহার বিন্দুমাত্র আসক্তি ছিল না (৩)। তাঁহার মত স্ত্রী পাইয়াছিলেন বলিয়া রামকৃষ্ণ এত বড় সাধক (৪) হইতে পারিয়াছিলেন। হিন্দু, মুসলমান, ধনী, দরিদ্র সকলকেই তিনি সন্তানের মতো ভালবাসিতেন। একবার এক গরীব মুসলমানকে নিজের হাতে খাওয়াইয়া (৫) তাহার খাবার পাত্র নিজেই পরিষ্কার (৬) করিয়াছিলেন। এজন্য বাড়ীর লোকেরা তাঁহাকে কত তিরস্কার করিয়াছিলেন। তিনি শুধু উত্তর দিয়াছিলেন “ নিজের ছেলেকে নিজে না খাওয়াইলে কি তৃপ্তি পাওয়া যায় ?”

Hints : 1. Of sweet disposition. 2. Are very rare. 3. The pleasures and enjoyments of the world had no attraction for her. 4. A great saint. 5. To feed. 6. To wash.

৪০ একবার বর্ধমান স্টেশনে বিদ্যাসাগর মহাশয়ের সহিত এক ভিক্ষুক বালকের সাক্ষাৎ হয়। বালকটি তাঁহার নিকট একটি পয়সা চাহিলে তিনি বলিলেন, “মনে কর, আমি তোমাকে পয়সা দিব।” “তামাসা করিবেন না (১) মহাশয়।” “ আমি তামাসা করিতেছি না। আচ্ছা, আমি তোমাকে চারিটি পয়সা দিলে তুমি কি করিবে ?” “দুই পয়সার খাবার কিনিব, আর বাকী পয়সা মাকে দিব।” “ আর যদি দুই আনা দিই।” এই কথায় বালকটি চলিয়া যাইতে উদ্যত হইলে বিদ্যাসাগর তাহার হাত ধরিয়া বলিলেন, “বল না” (২)। অশ্রুপূর্ণলোচনে (৩) বালক উত্তর করিল, “চার পয়সার চাল কিনিব, আর বাকী পয়সা মা’র জন্য রাখিব।”

Hints : 1. Please don’t make fun of me. 2. Tell me, please. 3. With eyes full of tears.

৪১ নোবেল পুরস্কার (১) লাভের পর রবীন্দ্রনাথের নাম সমস্ত পৃথিবীতে ছড়াইয়া পড়িয়াছিল। তাঁহার রচনা (২) পড়িবার জন্য সর্বদেশের লোক উদ্‌গ্রীব হইয়া উঠিল। নানা ভাষায় তাঁহার গ্রন্থ অনূদিত হইতে লাগিল। দেশের প্রতি রবীন্দ্রনাথের প্রেম সুগভীর হইলেও বিদেশকে তিনি কখনও ঘৃণা করেন নাই। রবীন্দ্রনাথ তাঁহার এই প্রাচ্য ও প্রতীচ্যের (৩) মিলনের বাণী (৪) লইয়া বহুদেশ ভ্রমণ করিয়াছিলেন। যেখানেই তিনি গিয়াছেন, সেখানেই লোকে তাঁহাকে সাদর (৫) অভ্যর্থনা করিয়াছে এবং সাগ্রহে (৬) তাঁহার বাণী শ্রবণ করিয়াছে।

Hints : 1. The Nobel Prize. 2. Writings. 3. The East and the West. 4. Message of the union. 5. Warmly. 6. Eagerly.

৪২ রামায়ণ ও মহাভারত আমাদের প্রত্যেকেরই পড়া উচিত। এগুলি শুধু প্রাচীন ভারতের ইতিহাস নয়, ইহাদের ভিতরে এমন সব শিক্ষা আছে (১) যাহা সর্বদেশের, সর্বকালের পক্ষেই মূল্যবান। কিন্তু দুঃখের বিষয় (২) আজকালকার ছেলেমেয়েরা এই পুস্তক দুটি সম্বন্ধে বিশেষ কিছু জানে না। তাহারা অন্যদেশের অনেক কথাই মুখস্থ করে, কিন্তু নিজের দেশের এই দুইটি অমূল্য সম্পদ (৩) সম্বন্ধে অজ্ঞ। দেশের শিক্ষাবিভাগীয় কর্তৃপক্ষগণও (৪) এ বিষয়ে অনেকটা উদাসীন। তাঁহারা এই পুস্তক দুখানি জনপ্রিয় করিবার চেষ্টা করিলে দেশের মঙ্গল সাধন করিবেন।

Hints : 1. They contain many such lessons. 2. It is a pity, it is to be regretted. 3. Priceless treasures. 4. Authorities of the education department.

৪৩ মুসলমান শাসকগণের মধ্যে আকবর যে শ্রেষ্ঠ ছিলেন সে বিষয়ে কোন সন্দেহ নাই। তিনি ধর্ম বিষয়ে অত্যন্ত উদার (১) ছিলেন, তাই বলতেন— ভারতবর্ষ একা হিন্দুর নয় বা মুসলমানের নয়, ভারতবর্ষ

তরের (২)। হিন্দুমুসলমানের মধ্যে সকল বিভেদ (৩) দূর করার জন্য তিনি আজীবন চেষ্টা করেছিলেন, তিনি তেন— সকল ধর্মের মধ্যেই সত্য নিহিত আছে (৪)। তাঁর উদার নীতি ও সুশাসনের (৫) ফলেই মুসলমানকে তিনি এক করতে (৬) পেরেছিলেন। তিনি নিজে লেখা পড়া জানতেন না, কিন্তু জ্ঞানী ও গুণীর) আদর করতেন (৮)। তাঁর সভায় বহু জ্ঞানী-গুণী লোক ছিলেন।

Hints : 1. Liberal, catholic. 2. Belongs to both. 3. Difference. 4. There is nderlying truth. 5. Good administration. 6. To unite. 7. The learned and the orthy. 8. Patronised.

৪৪ ২০শে মে, ১৯৬৫ সাল ভারতের ইতিহাসে একটি স্মরণীয় দিন (১) — এই দিনটিতেই ভারতীয় ভিযাত্রীদল (২) প্রথম এভারেষ্টশৃঙ্গ জয় করে। অবশ্য এই সর্বোচ্চ শৃঙ্গটিতে প্রথম সফল অভিযান হয় ১৯শে , ১৯৫৩ সালে। তবে ব্রিটিশ দলের সেই অভিযানে যে দুইজন সদস্য পর্বতশৃঙ্গে আরোহণ করিয়াছিলেন ন্মধ্যে একজন ছিলেন ভারতীয় — তেনজিং নোরগে। তাঁহার জন্য ভারতীয় মাত্রই গৌরব বোধ করিয়া থাকে। রপরেও তিনবার এভারেষ্ট বিজয় হইয়াছে, কিন্তু সমস্ত অভিযানই বিদেশীদের দ্বারা পরিচালিত (৩)। সম্পূর্ণ রতীয় সদস্য লইয়া ভারতীয় প্রচেষ্টায় এইবার প্রথম এভারেষ্ট বিজয় (৪), তাই আমাদের আনন্দ অসীম। থিবীর সর্ব্বোচ্চ শৃঙ্গ এভারেষ্টের আবিষ্কারক হিসাবে ভারতীয় শ্রীরাধানাথ সিকদারের নামও আমরা গর্বের ঙ্গেই স্মরণ করিয়া থাকি।

Hints : 1. A memorable day. 2. Indian expedition. 3. Were led by. 4. This was the first conquest by an Indian team led by an Indian.

৪৫ গৃহ হইতে বিতাড়িত হইয়াও ষোল বৎসরের বালক রামমোহন ভীত হইলেন না। তিনি পায়ে হাঁটিয়াই (১) ভ্রমণ করিতে করিতে তিব্বতে উপস্থিত হন। সেখানেও তিনি ধর্ম ও কুসংস্কারের (২) বিরুদ্ধে আন্দোলন আরম্ভ করিয়াছিলেন (৩)। তাঁহার বক্তৃতার ফলে অনেক লোক তাঁহার শত্রু হইয়া দাঁড়াইল। এমন কি তাঁহাকে হত্যা করিতেও চেষ্টা করিয়াছিল। কিন্তু কতিপয় দয়ার্দ্র রমণীর চেষ্টায় তাহাদের সে চেষ্টা ব্যর্থ হইল। তাঁহার বিপদের কথা শুনিয়া তাঁহার পিতামাতা তাঁকে গৃহে ফিরাইয়া আনিলেন। তখন তাঁহার বয়স কুড়ি বৎসর। গৃহে ফিরিয়া তিনি ইংরেজী, গ্রীক, ল্যাটিন, ফরাসী ও উর্দু শিখিতে লাগিলেন।

Hints : 1. On foot. 2. Superstition. 3. Set up an agitation.

৪৬ রেলগাড়ি এক স্টেশনে আসিয়া উপস্থিত হইল। এক ভদ্রলোক রেলগাড়ি হইতে নামিয়া 'কুলি' 'কুলি' বলিয়া ডাকিতে লাগিলেন। তাঁহার সঙ্গে একটি ছোট ব্যাগ ছিল। এই ব্যাগটির ভারও অধিক ছিল না। সেই ছোট ষ্টেশনে কোন কুলি না পাওয়ায় ভদ্রলোকটি অত্যন্ত বিপন্ন (১) হইলেন। এমন সময় একজন অপরিচিত লোক ভদ্রলোকটির সামনে উপস্থিত হইল। সে বলিল, "মহাশয়, আপনি এ ব্যাগটি লইবার জন্য একটি কুলি ডাকিতেছেন, আসুন আমি এটি লইয়া যাইতেছি।" নির্দিষ্ট স্থানে (২) পৌঁছাইলে, ভদ্রলোকটি বাহককে কয়েকটি পয়সা দিতে গেলেন। সেই অপরিচিত ব্যক্তি হাসিয়া বলিল, "আমি কুলি নই, আমার নাম ঈশ্বরচন্দ্র শর্মা।" ভদ্রলোকটি লজ্জায় মস্তক অবনত করিলেন।

Hints : 1. Felt distressed. 2. Destination.

৪৭ কিছুদিন আগে সংবাদপত্রে ছোট একটা খবর (১) হয়তো অনেকে লক্ষ্য করেছিলেন। আমাদের দেশের এক শহরে সাধারণ লোকের সততা পরীক্ষা করবার জন্য এক জায়গায় কতকগুলি সংবাদপত্র বিক্রির জন্য রেখে দেওয়া হয়। দাম নেবার জন্য সেখানে কেউ ছিল না, ছিল শুধু একটি ছোট বাক্স। কাগজগুলো ফুরিয়ে গেলে (২) দেখা গেল যে, সব ক'খানি কাগজের দাম (৩) পুরোপুরি সে বাক্সের মধ্যে রয়েছে। আমাদের স্বদেশবাসী সাধারণ লোকের সততার পরিচয়ে সেদিন আমাদের বাস্তবিক গর্ববোধ হয়েছিল।

Hints : 1. A small piece of news. 2. When the papers were sold out. 3. Full price of all the papers.

৪৮ আমরা এবার প্রাচীন যুগের (১) আর একটি দেশের কথা আলোচনা করিব। ইহার নাম ব্যাবিলোনিয়া (২)। ব্যাবিলোনিয়ার ইতিহাস খ্রীষ্টপূর্ব ৭০০০ বৎসর হইতে আরম্ভ হয়। কত পুরাতন ইতিহাস একবার ভাবিয়া দেখ (৩)। এই সুদীর্ঘকালের কথা কল্পনা করিতেও আমরা বিস্ময়ে অবাক হয়ে যাই। ইহার সর্বশ্রেষ্ঠ রাজা নেবুচডনাজারের (৪) বিষয়ে তোমাদের কিছু জানা উচিত। খ্রীষ্টপূর্ব ৬৫০ সালে তিনি সিংহাসনে আরোহণ করেন। তাঁহার রাজধানী ছিল ব্যাবিলন। এই শহরটি টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর সংযোগস্থলে (৫) অবস্থিত ছিল। প্রাচীন যুগের সমস্ত শহরের মধ্যে ইহার মত বৃহৎ ও সমৃদ্ধিশালী শহর আর ছিল না। এখানকার শূন্যোদ্যান (৬) ছিল সে যুগের একটি বিস্ময় (৭)।

Hints : 1.Of ancient times. 2. Babylonia. 3. Just think how ancient the history is. 4. Nebuchadnezzar. 5. Confluence. 6. Hanging gardens. 7. A wonder.

৪৯ গ্রীন্‌ল্যাণ্ড নামে এক অতি শীতপ্রধান (১) দেশ আছে। সেই স্থান বৎসরের মধ্যে দশমাস কাল বরফে আচ্ছন্ন থাকে, তথায় বৃক্ষাদি অতি বিরল, (২) সুতরাং তথাকার অধিবাসীরা বরফের দ্বারা গৃহ নির্মাণ করিয়া থাকে। আমরা যেমন মাটি দিয়া দেওয়াল প্রস্তুত করি, তাহারা তেমনি বরফের দেওয়াল করে, এবং দেওয়ালের উপর বরফের খিলান করিয়া দেয় (৩)। আফ্রিকার কোন কোন স্থানে লোকে বড় বড় শাখার উপর কুটির নির্মাণ করিয়া বাস করে। তাহাতে রাত্রিকালে তাহাদের হিংস্র (৪) জন্তুর ভয় থাকে না। চীন ও কাশ্মীরের কোন কোন স্থানে লোকে বারমাসই (৫) নৌকায় বাস করে। আরব দেশে কোন কোন জাতির নির্দিষ্ট বাসস্থান (৬) নাই, তাহারা তাঁবু সঙ্গে করিয়া ঘুরিয়া বেড়ায়, এবং যখন যেখানে সুবিধা পায় তখন সেখানে তাঁবু খাটাইয়া (৭) বাস করে।

Hints : 1. Extremely cold. 2. Rare. 3. Put arches of ice. 4. Ferocious. 5. All the year round. 6. Fixed habitation. 7. To pitch tents.

৫০ নিত্য একই বাঁধা পথে (১) চলিতে চলিতে একদিন রেলগাড়ির ভারী বিরক্তি আসিল (২)। সে চিৎকার করিয়া ড্রাইভারকে বলিল, "মহাশয়, আমার শরীরে যে কত শক্তি তাহা আপনার অজানা নাই। আমার ইচ্ছা যখন যেদিকে খুশি চলিয়া পৃথিবীটাকে দেখি (৩), কিন্তু আপনি এমনই নিষ্ঠুর যে আমাকে একদিনের জন্যও স্বাধীনতা দিলেন না"।

ড্রাইভার বলিল, " বাবা, তোমার এই ধারণা ভুল। নিয়মের অধীন হইয়া চলাকেই স্বাধীনতা বলে (৪)। এই পথটাকে ছাড়িয়া একটু এদিক- ওদিক গেলে (৫) তোমার সর্বনাশ, হইবে।"

Hints : 1. Fixed route. 2. Felt sick of. 3. To go round the world at one's pleasure. 4. Freedom consists in moving under discipline. 5. Slightest aberration this way or that.

৫১ রাত্রি দশটার সময় স্টেশনে আসিয়া গরুর গাড়ি পৌঁছিল। আজ অনেকক্ষণ হইতেই কখন গাড়ি ষ্টেশনে পৌঁছিবে সে আশায় অপু বসিয়াছিল (১)। গাড়ি আসিতেই সে এক দৌড়ে গিয়া ষ্টেশনের প্ল্যাটফরমে হাজির হইল। সন্ধ্যা সাড়ে আটটার ট্রেন অনেকক্ষণ চলিয়া গিয়াছে (২)। বাবাকে জিজ্ঞাসা করিয়া সে জানিয়াছে সারা রাত্রির মধ্যে আর ট্রেন নাই। জ্যোৎস্না পড়িয়া রেলের পথটি (৩) চিক্ চিক্ করিতেছে (৪) ; প্ল্যাটফরম হইতে নড়িতে মন সরিতেছিল না (৫)।

Hints : 1. Had been sitting eagerly up. 2. Had passed by. 3. Lines. 4. Glittered in the moonlight. 5. Did not feel like.

৫২ জর্জ ওয়াশিংটন বন্ধুর দুঃখের কাহিনী (১) শুনিয়া অত্যন্ত ব্যথিত হইলেন। তিনি বহু চিন্তা করিয়া শেষে তাহাকে জানাইলেন, "আপনি আমার একজন অন্তরঙ্গ বন্ধু। কোনরূপ লজ্জা না করিয়া (২) আপনার অর্থাভাবের (৩) কথা পূর্বেই আমাকে জানানো উচিত ছিল। তাহা না করিয়া অনর্থক (৪) এতদিন কষ্ট করিলেন (৫) কেন ? আমার অর্থে কি আপনার দাবী নাই ? যাহা হউক, আপনি নিশ্চিন্ত হউন। তবে একটি কথা দুঃখের সহিত (৬) বলিতে বাধ্য হইলাম যে, বন্ধুত্বের অনুরোধে (৭) প্রকৃত গুণীর (৮) সদ্‌গুণের অনাদর আমি কখনই

করিতে পারিব না। আপ
এ কার্যে যোগ্যতম (৯)

Hints : 1. Of h
ary difficulties. 4.
the sake of friend

৫৩ আশুতোষ আ
পাইতেন, তখনই বিবিধ
ছিল তাঁহার প্রকৃত সহচ
ফলপ্রসূ করিবার নিমিত্ত
সমষ্টি (৫) হইতেছে মান

Hints : 1. Stu
edge and pleasur
5. The sum-total

৫৪ একসময় কয়ে
গ্রীষ্মে তাহাদের শরীর
একজন বলিল, " দেখ,
"ফুল-ফলের কথা কি ব
ঈষৎ হাস্য করিয়া বলিল
সেই সময় জগতের কো

Hints : 1. To
flowers or fruit.

৫৫ কালকেতু গভী
সে বনে পশু শিকার ক
ভারী ভারী শিকার (২)
কি হইল? কালকেতু এ
তাহার স্ত্রীর উদর পূর্ণ

Hints : 1. This
ger. 4. Was at his

৫৬ একবার একজ
ইহার কিছু দিন পরে
(২) করিবেন। তিনি তা
উহার প্রথমেই তাঁহার না
যিনি অপরিচিত লোকবে
তাহারা ঘোড়া লইয়া আ
কাটিয়া (৫) সেইখানে উ

Hints : 1. Stra
of the list. 5. To

৫৭ একদিন সন্ধ্যার
একজন বসিয়া আছে।
(২)। কিন্তু দরজায় ঢুকি

তে পারিব না। আপনার অপেক্ষা অনেক যোগ্যতর ব্যক্তি ঐ পদ লাভের জন্য আবেদন করিয়াছেন। আমি কার্যে যোগ্যতম (৯) ব্যক্তিকেই নিযুক্ত করিব।”

Hints : 1. Of his friend's miseries. 2. Without any feeling of shame. 3. Pecuni- y difficulties. 4. Unnecessarily, for nothing. 5. To suffer. 6. With regret. 7. For e sake of friendship. 8. A really qualified or worthy man. 9. Fittest.

৫৩ আশুতোষ আজীবন শিক্ষার্থী (১) ছিলেন। কি স্কুলে, কি কলেজে, কি গৃহে তিনি যখনই অবকাশ ইতেন, তখনই বিবিধ জ্ঞানগর্ভ গ্রন্থাদি (২) পাঠ করিয়া জ্ঞান ও আনন্দলাভ করিতেন (৩)। বস্তুতঃ সদ্‌গ্রন্থই ল তাঁহার প্রকৃত সহচর। আশুতোষ কখনও সময়ের অপব্যবহার করিতেন না। তিনি জীবনের প্রতি মূহূর্ত লপ্রসূ করিবার নিমিত্ত (৪) সর্বদা সময়ের যথোচিত সদ্ব্যবহার করিতেন। তিনি জানিতেন, ক্ষুদ্র ক্ষুদ্র মুহূর্তের মষ্টি (৫) হইতেছে মানবজীবন, এবং সেই মুহূর্তগুলির অপব্যয় করা আর সমগ্র জীবন নষ্ট করা, একই কথা।

Hints : 1. Student. 2. Books full of wisdom or knowledge. 3. Derived knowledge and pleasure. 4. In order to make fruitful ; in order to turn to account. 5. The sum-total of little moments.

৫৪ একসময় কয়েকজন পথিক পথভ্রমণে অত্যন্ত ক্লান্ত হইয়া এক বটবৃক্ষতলে উপবেশন করিয়াছিল। প্রচণ্ড গ্রীষ্মে তাহাদের শরীর হইতে ঘর্ম নির্গত হইতেছিল (১)। বৃক্ষের শীতলছায়ায় বসিয়া বিশ্রাম করিবার সময় একজন বলিল, “ দেখ, এ বৃক্ষে কোন উপাদেয় (২) ফল অথবা ফুল কিছুই উৎপন্ন হয় না।” অন্য একজন কহিল, “ফুল-ফলের কথা কি বলিতেছ (৩), বটবৃক্ষ মানুষের কোনই উপকারে আসে না”। বটবৃক্ষ এই সব কথা শুনিয়া ঈষৎ হাস্য করিয়া বলিল, “মানুষ এইরূপ অকৃতজ্ঞই বটে। যখন আমার ছায়া লাভ করিয়া (৪) শীতল হইতেছে, সেই সময় জগতের কোন উপকারে আসি না (৫) বলিয়া নিন্দা করিতেছে।”.

Hints : 1. To perspire or sweat. 2. Enjoyable, pleasant. 3. Not to speak of flowers or fruit. 4. In my shade. 5. Is of no use whatsoever.

৫৫ কালকেতু গভীর বনের মধ্যে প্রবেশ করিল, কিন্তু কোথাও কোন পশু দেখিতে পাইল না। এতদিন ধরিয়া সে বনে পশু শিকার করিয়া আসিতেছে, কোনদিন এই অবস্থা হয় নাই (১)। অল্প কিছুক্ষণের মধ্যেই কয়েকটা ভারী ভারী শিকার (২) প্রত্যহই মিলিয়াছে। তাহা কাঁধে লইয়া দ্বিপ্রহরের মধ্যেই গৃহে ফিরিয়াছে। কিন্তু আজ এ কি হইল? কালকেতু এক গাছের ছায়ায় বসিয়া মাথায় হাত দিয়া ভাবিতে লাগিল, আজ কি করিয়া তাহার ও তাহার স্ত্রীর উদর পূর্ণ হইবে (৩)। ভাবিতে ভাবিতে সে আর কোন কূলকিনারা দেখিতে পাইল না (৪)।

Hints : 1. This had never happened before. 2. Big games. 3. Satisfy their hunger. 4. Was at his wit's end.

৫৬ একবার একজন রাজা কয়েকজন অপরিচিত ব্যক্তিকে (১) ঘোড়া কিনিবার জন্য প্রচুর অর্থ দিয়াছিলেন। ইহার কিছু দিন পরে তাঁহার মনে হইল যে রাজ্যের সমস্ত নির্বোধ লোকের নামের তিনি একটা তালিকা (২) করিবেন। তিনি তাহার প্রধানমন্ত্রীকে ইহার ভার দিলেন (৩)। মন্ত্রী তালিকা লইয়া আসিলে রাজা দেখিলেন, উহার প্রথমেই তাঁহার নাম আছে (৪) । রাজা ক্রুদ্ধ হইয়া ইহার কারণ জিজ্ঞাসা করিলে মন্ত্রী বলিলেন, “মহারাজ, যিনি অপরিচিত লোককে অর্থ দেন, তাঁহাকে আমি সর্ব্বাপেক্ষা মূর্খ বলিয়া মনে করি।” রাজা বলিলেন, “যদি তাহারা ঘোড়া লইয়া আসে, তাহা হইলে আপনি কি করিবেন? মন্ত্রী উত্তর করিলেন,” “ আমি আপনার নাম কাটিয়া (৫) সেইখানে উহাদের নাম লিখিয়া দিব (৬)।”

Hints : 1. Strangers. 2. List. 3. Gave the charge to. 4. His name was at the top of the list. 5. To strike off. 6. Put names in that place.

৫৭ একদিন সন্ধ্যার পর হরলাল অফিস হইতে ফিরিয়া দেখিল তাহার একতলার ঘরে (১) অন্ধকারে কে একজন বসিয়া আছে। সেখানে যে কোন লোক আছে তাহা লক্ষ্য না করিয়াই সে বোধ হয় উপরে উঠিয়া যাইত (২)। কিন্তু দরজায় ঢুকিয়াই দেখিল এসেন্সের গন্ধে আকাশ পূর্ণ। হরলাল ঘরে প্রবেশ করিয়া জিজ্ঞাসা করিল,

‘কে মশায়।’ বেণু বলিয়া উঠিল, ‘‘মাষ্টারমশায়, আমি।’’ হরলাল কহিল, ‘‘এ কী ব্যাপার। কখন আসিয়াছ ?’’

বেণু কহিল, ‘‘অনেকক্ষণ আসিয়াছি। আপনি যে এত দেরী করিয়া অফিস হইতে ফিরেন তাহা তো আমি জানিতাম না।’’

বহুকাল হইল সেই যে নিমন্ত্রণ খাইয়া গেছে (৩) তাহার পরে আর একবারও বেণু এ বাসায় আসে নাই। আজ হঠাৎ এমন করিয়া সে যে সন্ধ্যার সময় এই অন্ধকার ঘরের মধ্যে অপেক্ষা করিয়া বসিয়া আছে (৪) ইহাতে হরলালের মন উদ্বিগ্ন হইয়া উঠিল।

Hints : 1. In a room on the ground-floor. 2. To go upstairs. 3. Had taken his meals on invitation long ago. 4. To wait.

৫৮ রাজা তাঁহার দুই হাত বাড়াইয়া দিলেন (১)। কহিলেন, ‘এসো জয়সিংহ, এসো।’ জয়সিংহ রাজাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন (২)। কহিলেন, ‘মহারাজ, এক নিবেদন আছে (৩)’।

রাজা কহিলেন, ‘কী, বলো।’

জয়সিংহ— মা আপনার প্রতি অপ্রসন্ন হইয়াছেন।

রাজা — কেন, আমি তাঁর অসন্তোষের কাজ কী করিয়াছি (৪) ?

জয়সিংহ— মহারাজ বলি (৫) বন্ধ করিয়া দেবীর পূজায় ব্যাঘাত করিয়াছেন।

রাজা বলিয়া উঠিলেন, ‘ কেন জয়সিংহ ! কেন এই হিংসার লালসা (৬) ! মাতৃক্রোড়ে সন্তানের রক্তপাত করিয়া তুমি মাকে প্রসন্ন করিতে চাও !’’

Hints : 1. Held out. 2. Prostrated before. 3. A submission to make. 4. To incur one’s displeasure. 5. Sacrifice. 6. Lust for blood.

৫৯ বন্ধুত্ব (১) খুব সহজ, কিন্তু ইহা রক্ষা করা বড় শক্ত। সেইজন্য জ্ঞানী ব্যক্তিগণ তাঁহাদের বান্ধব-চক্র (২) সীমিত করেন (৩)। বিপদগ্রস্ত বন্ধুর জন্য প্রাণদান করিতে পশ্চাদপদ নন, এরূপ ব্যক্তিই প্রকৃত বন্ধু। অতএব আমরা বন্ধু নির্বাচনে অবশ্যই অবিলম্বে সতকর্তা অবলম্বন করিব। আমরা যখন দুই পয়সা মূল্যের মাটির পাত্র ক্রয় করি তখন পাত্রটি ভগ্ন কিনা দেখিবার জন্য তাহা ভাল করিয়া যাচাই করিয়া লই (৪)। কিন্তু বন্ধুত্ব করিবার সময় সেরূপ চিন্তা করি না, এবং সেইজন্য ভবিষ্যতে আমাদিগকে প্রতারিত হইয়া বন্ধুদের বিশ্বাসহীনতার (৫) জন্য অভিযোগ করিতে হয়। কিন্তু ধীরভাবে চিন্তা করিলে দেখিব যে, ইহার জন্য আমরাই দায়ী। পূর্বে বন্ধুদের পরীক্ষা করিলে পরে আর আমাদিগকে অনুশোচনা করিতে হইত না।

Hints : 1. To make friends. 2. Circle of friends. 3. To restrict. 4. Examine carefully. 5. Falseness.

৬০ এডুইন পিয়ারী ছিলেন উত্তর আমেরিকার লোক। ঐ মহাদেশের সোজাসুজি (১) উত্তরদিকে অবস্থিত সুমেরু বা উত্তরমেরু আবিষ্কার করিবার জন্য ইনি কয়েকবার চেষ্টা করেন, কিন্তু সফল হইতে পারেন নাই। শেষবার ১৯০৮ সালে তিনি পুনরায় আবশ্যকীয় জিনিষপত্র এবং কয়েকজন এস্কিমো (২) ও অন্যান্য সঙ্গীসহ আবার বাহির হইয়া পড়িলেন সুমেরুতে যাওয়ার উদ্দেশ্যে। কিছুদূর জাহাজে যাওয়ার পর (৩) তিনি হাঁটিয়া চলিলেন সেখানকার বিরাট বরফের স্তূপের (৪) উপর দিয়া। সেখানকার তীব্র শীত (৫) ও অন্যান্য সকল প্রকার অসুবিধা অগ্রাহ্য করিয়া (৬) তিনি চলিলেন, এবং শেষে ১৯০৯ সনের ৬ই এপ্রিল গিয়া পৌছিলেন সুমেরুতে। এভাবে তাঁহার দীর্ঘ ২০ বৎসরের চেষ্টা সফল হইল (৭)।

Hints : 1. Direct. 2. Eskimo. 3. After sailing in a ship to some distance. 4. Huge mass of snow. 5. Intense or biting cold. 6. In disregard of ; in the face of 7. He achieved what he had been trying for long 20 years.

---

৬১ পালবংশ প্রায় চারিশত বৎসর ধরিয়া বঙ্গ
সময়ে বঙ্গদেশ ভারতবর্ষের মধ্যে একটি শ্রেষ্ঠ শক্তি
কম্বোজ জাতির আক্রমণে পাল রাজবংশের শক্তি ক্ষু
সম্পূর্ণ পুনরুদ্ধার করিতে (৩) পারেন না। কিন্তু সে
তাঁহাদের সময়ে দেশের প্রচুর উন্নতি হইয়াছিল। তাঁহ
ব্যয় করিতেন। তাঁহাদের সময়ই তিব্বতে বৌদ্ধধর্ম
পোষকতা করিতেন (৫), এমনকি হিন্দু পরিবারে বি

Hints : 1. A great power. 2. To declin
5. To patronise.

৬২ আর্যদের আদি নিবাস (১) সম্বন্ধে বহু (২) প
উত্তর-মেরুর সন্নিকটবর্তী স্থান, কেউ বা ভলগা নদী
‘ভারতবর্ষ’ একথা বলছেন। কিন্তু কোন মতই নিশ্চিত
আসুন বা ভারতের আদিম অধিবাসী হোন, একথা সত
প্রতিঘাতের মধ্য দিয়ে দুই বা ততোধিক সভ্যতার মিলন
নাম ভারতীয় বা হিন্দু সভ্যতা। শুধু যে একাধিক সভ্য
আদান-প্রদান দ্বারা (৭) সম্পূর্ণ নূতন একটি জাতিও

Hints : 1. Original home. 2. Differe
4. Beyond doubt. 5. Were blended toget
resulted in. 7. Through inter-marriage.

৬৩ ভবানীঠাকুর ‘হো-হো’ করিয়া হাসিয়া উঠি
বোকা মেয়ের (৩) মত কথাটা বলিলে, তাই হাসিলাম
ঐশ্বর্য ভোগ করিবে ? একা কি ঐশ্বর্য ভোগ হয় ?’’ প্র
লোকে ঐশ্বর্য লইয়া ভোগ করে (৫), কেহ নরকের প
না তোমার কেহ নাই। তুমি পুণ্য সঞ্চয় করিতে পার, না

Hints : 1. Burst into a peal of laugh
4. Cast down her eyes ; bent down her
clear the way to hell ; use it to lead the

৬৪ তার ডাক নাম (১) ছিল লালু। ভাল নাম (২
গিয়ে কলেজে ভর্তি হলাম। লালু বললে, সে ব্যবসা ক
শুরু করে দিল (৪)। আমরা বললাম, ‘‘লালু তোমার
এই তো ঢের।’ সবাই তাকে ভালবাসতো ; তার কাজ
লালু ছাতি মাথায় জনকয়েক কুলি মজুর নিয়ে রাস্তার
দেখে হেসে তামাসা করে (৭) বলতো — ‘যা, যা, দৌ

Hints : 1. Nickname. 2. Real or Ch
profession. 4. Began as a contractor. 5.
7. In fun. 8. There will be a cross mark

৬৫ জ্ঞানই জগতে একমাত্র শক্তি। এই শক্তির নি
প্রভাবে অর্জিত হইয়া থাকে (২)। জ্ঞানের সাহায্যে ধন
ব্যক্তির দ্বারা পরিচালিত হইয়া থাকে (৩)। পৃথিবীর
লোকের পরিচালনা করিয়াছেন, তাঁহারা সকলেই জ্ঞা

৬১ পালবংশ প্রায় চারিশত বৎসর ধরিয়া বঙ্গদেশে রাজত্ব করেন। তন্মধ্যে ধর্মপাল ও দেবপালের সময়ে বঙ্গদেশ ভারতবর্ষের মধ্যে একটি শ্রেষ্ঠ শক্তিতে (১) পরিণত হয়। কিন্তু দশম শতাব্দীর মধ্যভাগে কম্বোজ জাতির আক্রমণে পাল রাজবংশের শক্তি ক্ষুণ্ণ (২) হইয়া পড়ে। পালরাজাগণ তাঁহাদের গৌরব আর সম্পূর্ণ পুনরুদ্ধার করিতে (৩) পারেন না। কিন্তু দেশের অবস্থার দিকে তাঁহাদের যথেষ্ট লক্ষ্য ছিল এবং তাঁহাদের সময়ে দেশের প্রচুর উন্নতি হইয়াছিল। তাঁহারা বৌদ্ধ ছিলেন এবং বৌদ্ধধর্ম প্রচারের জন্য বহু অর্থ ব্যয় করিতেন। তাঁহাদের সময়ই তিব্বতে বৌদ্ধধর্ম সুপ্রতিষ্ঠিত হইয়াছিল (৪)। কিন্তু তাঁহারা হিন্দুধর্মের পোষকতা করিতেন (৫), এমনকি হিন্দু পরিবারে বিবাহও করিয়াছিলেন।

Hints : 1. A great power. 2. To decline. 3. To recover. 4. Was firmly established. 5. To patronise.

৬২ আর্যদের আদি নিবাস (১) সম্বন্ধে বহু (২) পণ্ডিত ব্যক্ত করেছেন, — কেউ বা মধ্য-এশিয়া, কেউ বা উত্তর-মেরুর সন্নিকটবর্তী স্থান, কেউ বা ভলগা নদীর তীর (৩)। অধুনা কেউ কেউ আর্যদের আদি নিবাস 'ভারতবর্ষ' একথা বলছেন। কিন্তু কোন মতই নিশ্চিতরূপে (৪) প্রমাণিত হয়নি। তবে তাঁরা ভিন্নদেশ থেকেই আসুন বা ভারতের আদিম অধিবাসী হোন, একথা সত্য যে আর্যদের বহু যুদ্ধবিগ্রহ করতে হয়েছিল ও বহু ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে দুই বা ততোধিক সভ্যতার মিলন হয় (৫)। তার ফলে এক সভ্যতা গড়ে উঠে (৬), তারই নাম ভারতীয় বা হিন্দু সভ্যতা। শুধু যে একাধিক সভ্যতার মিলন হয়েছিল তা নয়, পরস্পরের সঙ্গে বিবাহের আদান-প্রদান দ্বারা (৭) সম্পূর্ণ নূতন একটি জাতিও গড়ে উঠেছিল— তারই নাম হিন্দুজাতি।

Hints : 1. Original home. 2. Different. 3. Begin as "some have placed it etc." 4. Beyond doubt. 5. Were blended together through many such conflicts. 6. This resulted in. 7. Through inter-marriage.

৬৩ ভবানীঠাকুর 'হো-হো' করিয়া হাসিয়া উঠিল (১)। প্রফুল্ল অপ্রতিভ (২) হইল দেখিয়া বলিল, "মা, বোকা মেয়ের (৩) মত কথাটা বলিলে, তাই হাসিলাম। তোমার তো কেহ নাই বলিয়াছ, তুমি কাকে নিয়ে এই ঐশ্বর্য ভোগ করিবে ? একা কি ঐশ্বর্য ভোগ হয় ?" প্রফুল্ল অধোবদন (৪) হইল। ভবানী বলিতে লাগিল, "শোন, লোকে ঐশ্বর্য লইয়া ভোগ করে (৫), কেহ নরকের পথ সাফ করে (৬)। তোমার ভোগ করিবার জো নাই, কেন না তোমার কেহ নাই। তুমি পুণ্য সঞ্চয় করিতে পার, না হয় নরকের পথ সাফ করিতে পার। কোন্‌টা করিবে ?"

Hints : 1. Burst into a peal of laughter. 2. Ashamed, abashed. 3. Simple girl. 4. Cast down her eyes ; bent down her head. 5. Some enjoy wealth. 6. Use it to clear the way to hell ; use it to lead them to hell.

৬৪ তার ডাক নাম (১) ছিল লালু। ভাল নাম (২) অবশ্য একটা ছিল, কিন্তু মনে নেই। ইস্কুল ছেড়ে আমরা গিয়ে কলেজে ভর্তি হলাম। লালু বললে, সে ব্যবসা করবে (৩)। মায়ের কাছে দশ টাকা চেয়ে নিয়ে সে ঠিকাদারি শুরু করে দিল (৪)। আমরা বললাম, "লালু তোমার পুঁজি (৫) ত দশ টাকা।' সে হেসে বললে, 'আর কত চাই, এই তো ঢের।' সবাই তাকে ভালবাসতো ; তার কাজ জুটে গেল। তারপর কলেজের পথে প্রায়ই দেখতে পেতাম, লালু ছাতি মাথায় জনকয়েক কুলি মজুর নিয়ে রাস্তার ছোট-খাটো মেরামতি কাজে লেগেছে (৬)। আমাদের দেখে হেসে তামাসা করে (৭) বলতো — 'যা, যা, দৌড়া — পারসেন্টেজের খাতায় ঢেরা পড়ে যাবে (৮)।'

Hints : 1. Nickname. 2. Real or Christian name. 3. Take up business as his profession. 4. Began as a contractor. 5. Capital. 6. Was engaged in petty repairs. 7. In fun. 8. There will be a cross mark in your percentage record.

৬৫ জ্ঞানই জগতে একমাত্র শক্তি। এই শক্তির নিকট অন্যান্য শক্তি তুচ্ছ (১) কারণ অন্যান্য শক্তি ইহারই প্রভাবে অর্জিত হইয়া থাকে (২)। জ্ঞানের সাহায্যে ধন উপর্জিত হইয়া থাকে, এবং শত শত লোক একজন জ্ঞানী ব্যক্তির দ্বারা পরিচালিত হইয়া থাকে (৩)। পৃথিবীর ইতিহাস আলোচনা করিলে দেখা যায়, যাহারা লক্ষ লক্ষ লোকের পরিচালনা করিয়াছেন, তাঁহারা সকলেই জ্ঞানবলে বলীয়ান (৪) ছিলেন। শত শত ব্যক্তি শারীরিক

শক্তির সাহায্যে যে কার্য করিতে অসমর্থ, একজন জ্ঞানী ব্যক্তি বুদ্ধির প্রভাবে (৫) তাহা নিষ্পন্ন করিতে পারেন। এই জন্যই সকলে জ্ঞানীর নিকট মস্তক অবনত করিতে (৬) বাধ্য হয়।

Hints : 1. Are nothing to. 2. Are acquired through. 3. Are guided. 4. Strong in the power of knowledge. 5. With his intellect. 6. To bow down to.

৬৬ হরলালের মা বলিলেন, "বাবা, আজ রাত্রে এখানে থাকো না, কাল সকালে হরলালের সঙ্গে একসঙ্গেই বাহির হইবে (১)।" বেণু মিনতি করিয়া কহিল (২), "না মা, এ অনুরোধ করিবেন না, আজ রাত্রে যে করিয়াই হউক (৩) আমাকে যাইতেই হইবে।" হরলালকে কহিল, "মাষ্টারমশায়, এই আংটি-ঘড়িগুলো বাগানে লইয়া যাওয়া নিরাপদ নয়। আপনার কাছেই রাখিয়া যাই (৪), ফিরিয়া আসিয়া লইয়া যাইব। আপনার দারোয়ানকে বলিয়া দিন, আমার গাড়ি হইতে চামড়ার হ্যান্ডব্যাগটা আনিয়া দিক (৫), সেটার মধ্যে এগুলো রাখিয়া দিই (৬)।"

আপিসের দারোয়ান গাড়ি হইতে ব্যাগ লইয়া আসিল। বেণু তাহার চেন-ঘড়ি আংটি বোতাম সমস্ত খুলিয়া ব্যাগের মধ্যে পুরিল। সতর্ক হরলাল সেই ব্যাগটি লইয়া তখনই লোহার সিন্দুকে (৭) রাখিল।

Hints : 1. Leave. 2. Pleaded. 3. By any means whatsoever ; at all costs. 4. Leave with you. 5. Please tell ....to bring etc. 6. To put. 7. Iron safe.

৬৭ আমি আশা করি ছোট বড় প্রত্যেক শহরে মিউনিসিপ্যালিটির পরিচালকেরা ছেলেবুড়ো সকলের জন্যই সাজসরঞ্জামসহ (১) যথেষ্টসংখ্যক ব্যায়ামাগার (২) ও খেলার মাঠ তৈরি করবেন। তার ফলে জনসাধারণও, বিশেষ করে যুবকেরা, অবসরসময় স্বাস্থ্যকর খেলাধুলায় কাটাতে পারবেন। আজকাল অনেকেই আইনশৃঙ্খলা (৩) ভঙ্গ করে নানারকম অসুস্থ উত্তেজনায় (৪) মেতে অবসর কাটান ; তার পরিবর্তে সুস্থ পরিবেশ (৫) সৃষ্টি হওয়া দরকার। আমাদের এখন উচিত আন্তরিকভাবেই এই বিষয়টির সাফল্যের জন্য চেষ্টা করা। আমাদের দেশের পক্ষে এটি একটি অত্যন্ত এটি গুরুত্বপূর্ণ বিষয়।

Hints : 1. Fully equipped. 2. Gymnasiums. 3. Law and order. 4. Unhealthy excitement. 5. Atmosphere.

৬৮ ১৮৮৩ খৃষ্টাব্দে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের চেষ্টায় 'ইন্ডিয়ান ন্যাশনাল কন্‌ফারেন্স' নামে একটি সভা আহুত হইল। এই কন্‌ফারেন্সে ভারতের সকল অংশের প্রতিনিধিবর্গ (১) সমবেত হইয়া জাতীয় আন্দোলনের (২) জন্য একটি স্থায়ী সংগঠন (৩) গড়িয়া তুলিবার প্রস্তাব গ্রহণ করিলেন। এই সময়ে জনৈক অবসরপ্রাপ্ত ইংরেজ আই. সি. এস. কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটদের লক্ষ্য করিয়া একটি খোলাচিঠি (৪) প্রকাশ করিলেন। ইহাতে ভারতীয়দিগকে রাজনৈতিক, সামাজিক ও নৈতিক উন্নতির জন্য একটি স্থায়ী সংগঠন গড়িয়া তুলিতে উপদেশ দান করিলেন। ইহার উপর ভিত্তি করিয়া (৫) ১৮৮৫ খৃষ্টাব্দের ২৭শে ডিসেম্বর বোম্বাই শহরে ভারতের জাতীয় কংগ্রেসের সর্বপ্রথম অধিবেশন (৬) আহূত হয়। বাঙ্গালী ব্যারিষ্টার উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এই অধিবেশনে সভাপতিত্ব করেন। জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে 'ইন্ডিয়ান ন্যাশনাল কন্‌ফারেন্স' উহার সহিত মিলিত হইয়া যায় (৭)।

Hints : 1. Delegates. 2. National movement. 3. Organization. 4. Open letter. 5. Based on this. 6. The first session. 7. Was merged in it.

৬৯ ভারতের মহাসম্রাট অশোকের (১) দূত হইয়া মহারাজকুমারী সঙঘমিত্রা একদিন সিংহল রাজসভায় উপস্থিত হইলেন। বলিলেন, "আমি সিংহল জয় করিতে আসিয়াছি।" সিংহলের রাজসভা বিস্মিত হইল। একি অভিনব কথা (২) ! সৈন্য নাই, সঙ্গে রক্ষীবাহিনী (৩) পর্যন্ত নাই। অথচ সিংহল জয় (৪) ! বিস্মিত হইবারই কথা তো (৫)। সঙঘমিত্রা বলিলেন — আমি আনিয়াছি ভগবান তথাগতের (৬) বাণী, তাহাই আমার তরবারি। সেই অপূর্ব তরবারি দিয়া সেদিন ভারত সিংহল জয় করিল। এমনি করিয়া যুগে যুগে (৭) নব নব আলোক নিয়া ভারতবর্ষ দিগ্বিজয়ে (৮) বাহির হইয়াছে, তাই জগতের অদ্বিতীয় দিগ্বিজয়ীও হইতে পারিয়াছে।

Hints : 1. Asoka the Great, Emperor of India. 2. How strange the words ! 3. Bodyguards. 4. Yet she spoke of conquering Ceylon ! 5. This was astonishing indeed ! 6. Lord Buddha. 7. Through the ages. 8. To conquer (or, on the conquest of) the world.

৭০ পাল ও সেন রাজারা বাংলাদেশে বহুদিন রাজত্ব করেন, কিন্তু আশ্চর্যের বিষয় যে দু-চারিটি ছাড়া সেই সময়ের আর কোন মুদ্রা পাওয়া যায় না। যেগুলি পাওয়া গেছে তার মধ্যে বেশীর ভাগই তামার তৈরি। মুদ্রা নিদর্শন এত অল্প পাওয়ার জন্য (১) পালযুগের অর্থনৈতিক অবস্থা (২) সম্বন্ধে কোন সুস্পষ্ট ধারণা (৩) করা যায় না। মুদ্রার স্বল্পতার জন্য একটি বিষয় পরিষ্কার—সেকালে সাধারণ লোকদের (৪) সঙ্গে অর্থনৈতিক জীবনের খুব বেশী যোগাযোগ ছিল না। অর্থ বিনিময়ের বদলে পণ্যবিনিময়-প্রধান বাণিজ্যই (৫) বোধ হয় তখন চলত।

Hints : 1. On account of this paucity of coins. 2. Economic condition. 3. Clear idea. 4. The common people. 5. Trade based on the barter system instead of coins.

৭১ দ্বিতীয় বিশ্বযুদ্ধের (১) সময় সুভাষচন্দ্র নিজগৃহে অন্তরীণ (২) ছিলেন। কিন্তু তিনি পুলিশের চোখে ধুলো দিয়ে (৩) প্রথমে জার্মানীতে এবং সেখান থেকে জাপানে যান। তার আশা জার্মানী ও জাপানের সহায়তায় সংগ্রাম করে তিনি ভারতকে পরাধীনতার হাত থেকে (৪) মুক্ত করবেন। জাপানীদের হাতে বন্দী ভারতীয় সৈন্যদের নিয়ে তিনি বিখ্যাত আজাদ হিন্দ ফৌজ (৫) গঠন করেন (৬)। এই বাহিনীর সকল সৈন্য সুভাষচন্দ্রকে "নেতাজী" বলে অভিবাদন করল। নেতাজী তার আজাদ হিন্দ বাহিনী নিয়ে ইংরেজ ও আমেরিকার সৈন্যদলকে পরাজিত করে কোহিমা পর্যন্ত অগ্রসর হয়েছিলেন। কোহিমায় তিনি তিন রঙের (৭) ভারতীয় পতাকা উড়িয়েছিলেন (৮)।

Hints : 1. The Second World War. 2. Interned. 3. Throwing dust in the eyes. 4. From foreign rule. 5. The Azad Hind Army. 6. Formed. 7. Tri-coloured. 8. Unfurled, hoisted.

৭২ রাত্রে ভাল করিয়া ঘুম হইল না। পরদিন সকালে একটা বড় স্টেশনে গাড়ী বদল (১) করিতে হইবে। আমাদের ফার্ষ্ট ক্লাসের টিকিট — মনে আশা ছিল ভিড় হইবে না। নামিয়া দেখি প্লাটফর্মে সাহেবের আর্দালির দল (২) আসবাবপত্র লইয়া গাড়ীর জন্য অপেক্ষা করিতেছে। কোন ফৌজের বড় জেনারেল সাহেব ভ্রমণে বাহির (৩) হইয়াছেন। দুই-তিন মিনিট পরেই গাড়ী আসিল। বুঝিলাম, ফার্ষ্ট ক্লাসের আশা ত্যাগ করিতে হইবে। মাকে লইয়া কোন গাড়ীতে উঠি, সে এক বিষম ভাবনায় পড়িলাম (৪)। সব গাড়ীতেই ভিড়। দ্বারে দ্বারে উঁকি দিয়া (৫) বেড়াইতে লাগিলাম। এমন সময় সেকেন্ড ক্লাস গাড়ী হইতে একটি মেয়ে মাকে লক্ষ্য করিয়া বলিলেন — "আপনারা আমাদের গাড়ীতে আসুন না — এখানে জায়গা আছে।"

Hints : 1. To change the train. 2. A number of orderlies. 3. Was out on tour. 4. Was at a loss ; was at my wit's end. 5. To peep into.

৭৩ ছেলেবেলায় চৈতন্যের আদরের নাম (১) ছিল নিমাই। নবদ্বীপে সে সময় অনেক বড় বড় পণ্ডিত ছিলেন। নিমাই তাহাদের নিকট লেখাপড়া শিখিয়া একজন অসাধারণ পন্ডিত (২) হইলেন। বড় বড় পণ্ডিতের সঙ্গে তর্ক (৩) করিয়া তাহাদিগকে হারাইয়া দিয়া তিনি আমোদ পাইতেন (৪)। শেষে একদিন তিনি গয়ায় গমন করিলেন। এইখানে তাহার এক আশ্চর্য পরিবর্তন ঘটিল (৫)। তিনি একেবারে যেন নতুন মহাপুরুষটি হইয়া গেলেন (৬)। তিনি কেবল হরিনাম করিতেন (৭), আর তাহার দুই চক্ষু জলে ভরিয়া যাইত। চৈতন্য হরিনাম করিতে করিতে জ্ঞানশূন্য হইয়া পড়িতেন।

Hints : 1. Pet name. 2. A scholar of extraordinary erudition. 3. Debates. 4. To take delight (or, to delight). 5. A strange change came over him. 6. He seemed to have become a new saint. 7. Repeatedly uttered the name of God.

৭৪ তিন দিন পরে স্কুলের ছুটির পর (১) বাহির হইয়া দেখি ইন্দ্র গেটের বাহিরে দাঁড়াইয়া আছে। তাহার মুখ অত্যন্ত শুষ্ক, পায়ে জুতা নাই (২), হাঁটু পর্যন্ত ধুলায় ভরা। এই অত্যন্ত দীন (৩) চেহারা দেখিয়া ভয় পাইয়া গেলাম। বড়লোকের ছেলে, বাহিরে সে একটু বিশেষ বাবু (৪)। এমন অবস্থা তাহার আমি ত দেখি নাই — বোধ

হয় আর কেহও দেখে নাই। ইসারা করিয়া মাঠের দিকে আমাকে ডাকিয়া লইয়া (৫) গিয়া ইন্দ্র বলিল, দিদি নেই — কোথায় (৬) চলে গেছেন। কাল থেকে আমি কত জায়গায় যে খুঁজেছি, কিন্তু দেখা পেলাম না।

Hints : 1. After school. 2. He was bare-foot, with no shoes on. 3. Pitiable. 4. He was quite a fop or dandy out of doors. 5. To beckon to etc. 6. To an unknown place.

৭৫ বাংলাদেশের অতীশ দীপঙ্করের কথা কে না জানে? বিক্রমপুরের এই সুসন্তানের (১) আসল নাম কিন্তু এখন কেহ বড় একটা জানে না (২)। উনিশ বৎসর বয়সে তাঁহার ভিক্ষুধর্মে দীক্ষা হয় (৩) এবং দীক্ষার সময় নুতন করিয়া নাম করা হয় দীপঙ্কর শ্রীজ্ঞান, সেই নামেই তাঁহার পরিচয় (৪)। দীপঙ্কর বিদেশে জ্ঞানলাভের জন্য গমন করেন ও ব্রহ্মদেশ ও চীনে জ্ঞান অর্জন করিয়া দেশে ফিরেন। দেশে তাঁহার খ্যাতি সর্বত্র ছড়াইয়া পড়ে। সকলের অনুরোধে তিনি বিক্রমশীলা বিহারের (৫) আচার্য (৬) হন। প্রায় যাট বৎসর বয়সের সময়ে তিনি গৃহের সুখ ত্যাগ করিয়া (৭) ধর্ম প্রচারের জন্য তিব্বত যাত্রা করেন।

Hints : 1. Great son. 2. Few now know. 3. To be initiated. 4. The name by which he has been known ever since. 5. Monastery. 6. Chancellor, Head. 7. To give up home comforts.

৭৬ খ্রীষ্টের জন্মের ২৭০০ বৎসর পূর্বে সিন্ধু প্রদেশে একটি সমৃদ্ধিশালী নগর ছিল। এই নগরের অধিবাসীরা অতি সুসভ্য ছিলেন। তোমরা প্রশ্ন করিতে পার, আমরা ইহা কিরূপে জানিতে পরিলাম। ভারত সরকারের প্রত্নতত্ত্ব বিভাগের (১) কর্মচারিগণ মৃত্তিকা খুঁড়িয়া এই নগরের ধ্বংসাবশেষ আবিষ্কার করিয়াছেন। ইহার নাম মহেঞ্জোদারো। ধ্বংসাবশেষের (২) মধ্য হইতে অনেক প্রশস্ত রাজপথ ও বৃহৎ অট্টালিকা আবিষ্কৃত হইয়াছে। অট্টালিকাতে উপরে উঠিবার সোপানশ্রেণী (৩) আছে এবং প্রত্যেক অট্টালিকায় স্নানের ঘর এবং ভূগর্ভস্থ পয়ঃপ্রণালীর (৪) ব্যবস্থা আছে। বৃষ্টির জলে শহর যাহাতে প্লাবিত হইতে (৫) না পারে সেজন্য রাস্তায় জলনিকাশের জন্য পয়ঃপ্রণালী আছে।

Hints : 1. Archaeological Department. 2. The ruins. 3. Flight of steps or stairs. 4. Underground drainage, sewerage. 5. Not to be flooded.

৭৭ আজ শনিবারের দিনে দুটোর সময় স্কুলের ছুটি ছিল, কিন্তু আজ স্কুলে যাইতে সুশীলের কিছুতেই মন উঠিতেছিল না (১)। তাহার অনেকগুলো কারণ ছিল। আজ স্কুলে ভূগোলের পরীক্ষা, তদুপরি আবার ওপাড়ার (২) বসুদের বাড়ি সন্ধ্যার সময় বাজি পোড়ান (৩) হইবে। সকাল হইতে সেখানে আয়োজন চলিতেছে। সুশীলের ইচ্ছা, সেখানেই আজ দিনটা কাটাইয়া দেয়। অনেক ভাবিয়া শেষকালে স্কুলে যাইবার সময় (৪) বিছানায় গিয়া শুইয়া পড়িল। তাহার বাবা সুবলবাবু গিয়া জিজ্ঞাসা করিলেন, " কিরে, বিছানায় পড়ে আছিস যে ? আজ স্কুলে যাবিনে ?" সুশীল বলিল, " আমার মাথা ধরেছে, আজ আমি স্কুলে যেতে পারবো না।"

Hints : 1. Sushil did not at all feel like going to school. 2. The other part or end of the village. 3. Display of fire-works. 4. When it was the time to go to school.

৭৮ বাবরের মৃত্যু সম্বন্ধে একটি সুন্দর কাহিনী আছে। ১৩০০ খ্রীষ্টাব্দে তাহার পুত্র হুমায়ুন খুব অসুস্থ হইয়া পড়েন। তাহাকে নৌকা করিয়া আগ্রায় আনা হইল। কিন্তু সেখানকার চিকিৎসায় কোন উপকার হইল না (১)। হতাশ হইয়া (২) বাবর মনে করিলেন যে তাহার নিকট যাহা সর্বাপেক্ষা প্রিয় বস্তু তাহা ভগবানকে অর্পণ করিবেন, তাহাতে তাহার পুত্রের জীবনরক্ষা হইতে পারে। বাবরের পারিষদগণ (৩) তাহাকে বিখ্যাত হীরা কোহিনূর ভগবানের নামে উৎসর্গ (৪) করিতে বলিয়াছিলেন। কিন্তু বাবর মনে করিলেন নিজের প্রাণের অপেক্ষা প্রিয় বস্তু মানুষের আর নাই। পুত্রের রোগশয্যার চারিদিকে তিনবার প্রদক্ষিণ করিয়া (৫) তিনি প্রার্থনা করিলেন যে তাহার নিজের প্রাণের বিনিময়ে (৬) তাঁহার পুত্রের প্রাণরক্ষা হউক।

Hints : 1. The treatment there did him no good. 2. In despair. 3. Courtiers. 4. As an offering to. 5. To go round. 6. In exchange for. 7. Took a turn for the better.

৭৯. আমাদের দেশের শহরের অধিবাসিগণ পৌরকর্তব্য (১) সম্বন্ধে অত্যন্ত উদাসীন (২)। পৌরসভার কর্তৃপক্ষ (৩) শহরের পরিচ্ছন্নতা, সৌন্দর্য এবং নানা প্রকার সুবিধার (৪) জন্য অর্থব্যয় করেন ; কিন্তু নাগরিকগণের সহায়তার (৫) অভাবে তাঁহাদের চেষ্টা ব্যর্থ হয় (৬)। পাশ্চাত্ত্য দেশের (৭) লোকেরা এই সম্বন্ধে অধিক সচেতন (৮)। ব্যক্তিগত সুবিধার জন্য তাঁহারা জনসাধারণের অসুবিধা করেন না (৯)। এক টুকরো কাগজ পর্যন্ত কেহ রাস্তায় ফেলেন না। কিন্তু কলিকাতার মত বড় নগরীতে দেখা যায় উভয় পার্শ্বের বাড়ি হইতে রাস্তার উপর আবর্জনা (১০) ফেলা হয়। কল (১১) হইতে জল লইয়া কলের মুখটি (১২) খোলা রাখিয়া চলিয়া যায়। ইহাতে যে কি পরিমাণ জল নষ্ট হয় সে কথা কেহ ভাবেন না।

Hints : 1. Civic duties. 2. Quite indifferent. 3. The municipal authorities. 4. Various amenities. 5. Co-operation. 6. Prove futile, fail. 7. Western countries. 8. Conscious. 9. Do not cause inconvenience. 10. Refuse. 11. Hydrant. 12. The tap.

৮০. অকস্মাৎ ইন্দ্র সোজা (১) হইয়া দাঁড়াইয়া কহিল, " আমি যাব।" আমি সভয়ে তাহার হাত চাপিয়া ধরিলাম (২) — " পাগল হয়েছ (৩) ভাই (৪)।" ইন্দ্র তাহার জবাব দিল না। একটা বড় ছুরি পকেট হইতে বাহির করিয়া বাঁ হাতে লইয়া কহিল, " তুই থাক, শ্রীকান্ত। আমি না এলে ফিরে গিয়ে বাড়িতে (৫) খবর দিস্ — আমি চললুম (৬)।" তাহার মুখ পাণ্ডুর (৭) কিন্তু চোখদুটি জ্বলিতে লাগিল। তাহাকে আমি চিনিয়াছিলাম (৮)। আমি নিশ্চিত জানিতাম, কোন মতেই তাহাকে নিরস্ত করা যাইবে না — সে যাইবেই। ভয়ের সহিত চির-অপরিচিত (৯) তাহাকে আমিই বা কেমন করিয়া বাধা দিব (১০)।

Hints : 1. Erect, straight. 2. Gripped firmly. 3. To go mad. 4. My friend. 5. To my family. 6. I am off. 7. Pale. 8. Knew him well ; knew the stuff he was made of . 9. Who was ever a stranger to fear. 10. Hold back.

৮১. প্রাচীনকালে ভারতীয়গণ ভারতের বাহিরে নানাস্থানে বসতি স্থাপন করিয়াছিলেন (১)। এমনকি কোন কোন স্থানে হিন্দুরাজ্যও স্থাপন করিয়াছিলেন (২)। এরূপ রাজত্ব আজ আর নাই। কিন্তু প্রাচীন ভারতীয় সভ্যতার চিহ্নস্বরূপ (৩) অনেক জায়গাতেই দেখিতে পাওয়া যায় সুন্দর সুন্দর মন্দির ও মূর্তি। ইন্দোচীনের অঙ্কোরবাত (৪) নামক স্থানের মন্দির এবং যবদ্বীপের বারবুদুর (৫) নামক স্থানের মন্দির আজও সেই প্রাচীন কীর্তির সাক্ষ্য দিতেছে (৬)। মধ্যএশিয়ার খাসগড়েও আবিষ্কৃত হইয়াছে প্রাচীন ভারতীয় মূর্তি। ভারতের বাহিরে বিভিন্ন স্থানে যে ভারতীয় সভ্যতা বিস্তার লাভ করিয়াছিল এবং সেখানকার লোকদের সহিত যে ভারতীয়গণের বিশেষ বন্ধুত্ব ছিল (৭) এসকল চিহ্ন তাহারই প্রমাণ দিতেছে।

Hints : 1. Settled. 2. To establish or set up. 3. As relics of . 4. Ankorbut. 5. Barbudar. 6. Bear testimony to that ancient glory. 7. Were very friendly with.

৮২. অনেকদিন আগে বাবাকে একবার ছোট্ট রবি (১) চিঠি লিখে পাঠিয়েছিল। বাবা তখন হিমালয়ভ্রমণ করছেন, এমন সময় গুজব উঠল (২), হিমালয় পেরিয়ে রুশেরা নাকি ভারতবর্ষ আক্রমণ করবে। রবির মায়ের হল ভারি ভয়,—কর্তা (৩) যে হিমালয়েই গেছেন। ভয়টা হয়ত বড়দের কাছে বলতে লজ্জা পেয়েছিলেন (৪), তাই ছোট রবিকে ধরে একটা চিঠি লিখলেন (৫)। বাঁ দিকে সেরেস্তা (৬), সেখানকার এক কর্মচারীর সাহায্যে যথাসাধ্য সম্বোধন (৭), শিরোনামা (৮), দিয়ে চিঠি লেখা হল। তার উত্তরও এল। বাবা লিখলেন, রবি যেন কোন ভাবনা না করে, রুশেরা এলে তিনি নিজের হাতে তাড়িয়ে দেবেন। চিঠি পেয়ে ছেলে আনন্দে আত্মহারা (৯)।

Hints : 1. Little Rabi. 2. A rumour spread or was afloat. 3. Her husband. 4. Felt ashamed. 5. Got little Rabi to write a letter. 6. The office of the estate. 7. Salutation. 8. Address. 9. Beside himself with joy.

৮৩. কাশীতে বাড়ি ঠিক করা হইয়াছিল। তথাকার জলবায়ুর গুণে (১) নষ্ট স্বাস্থ্য ফিরিয়া পাইতে লক্ষ্মীর বিলম্ব হইল না (২)। মাস কয়েক পরে যখন সে ফিরিয়া আসিল, তাহার দেহের কান্তি (৩) দেখিয়া মেয়েদের গোপন ঈর্ষার আর অবধি রইল না।

শীতকাল আগতপ্রায়। দুপুর বেলায় মেজবৌ (৪) চিররুগ্ন স্বামীর (৫) জন্য একটা পশমের জামা বুনিতেছিলেন (৬), অনতিদূরে ছেলে বসিয়া খেলা করিতেছিল, সে-ই দেখিয়া চিৎকার করিয়া উঠিল, মা, জ্যাঠাইমা (৭)।

মা হাতের কাজ ফেলিয়া (৮) তাড়াতাড়ি একটি নমস্কার করিয়া লইয়া আসন পাতিয়া দিল, স্মিতমুখে প্রশ্ন করিল, "শরীর সারিয়াছে (৯), দিদি ?"

Hints : 1. In the salutary climate of that place. 2. It did not take long for Luxmi to regain her health. 3. Physical charm. 4. The wife of the second son. 5. Confirmed invalid. 6. To knit. 7. Mother, here is aunt. 8. Put aside her work in hand. 9. Are you quite well ?

৮৪. রামকৃষ্ণ পরমহংসদেবের মাতা চন্দ্রমণি দেবী সরলতা ও কারুণ্যের দৃষ্টান্তস্বরূপ (১) ছিলেন। কথিত আছে তাঁর পুত্রের ভক্ত শিষ্য মথুরানাথ (২) তাঁহার কাছে আসিয়া কয়েক সহস্র মুদ্রা দান করিতে চাহেন (৩), কিন্তু তিনি দান গ্রহণ করিতে অস্বীকৃত হইলেন দেখিয়া মথুরানাথ আশ্চর্য বোধ করিলেন। রামকৃষ্ণের পিতা পৈতৃক (৪) বাসভবনে বাসকালীন স্বীয় স্বাধীনচিত্ততার (৫) পরিচয় দিয়াছিলেন। গ্রামের জমিদার তাঁহাকে স্বপক্ষে সাক্ষ্য দিতে (৬) অনুরোধ করেন। ক্ষুদিরাম অস্বীকৃত হইলেন এবং গ্রাম ত্যাগ করিয়া একক্রোশ পশ্চিমে কামারপুকুর গ্রামে বাস করিতে গেলেন। সেখানে অতিকষ্টে জীবনযাত্রা নির্বাহ করিতে (৭) লাগিলেন। তথাপি তিনি দরিদ্রের প্রতি সর্বদাই মুক্তহস্ত (৮) ও বদান্য (৯) ছিলেন।

Hints : 1. An ideal or embodiment of. 2. Mathuranath, the devoted disciple. 3. Came to her with an offering of a few thousand rupees. 4. Ancestral. 5. Independent spirit. 6. To give evidence in his favour. 7. To maintain oneself. 8. Open-handed. 9. Charitable.

৮৫. রাণী কথাটি শুনিয়া অপুদের বাড়ি আসিল। অপুকে বলিল — হাঁরে অপু, তোরা নাকি এ গাঁ ছেড়ে চলে যাবি? সত্যি ?

অপু বলিল, সত্যি রাণুদি, জিজ্ঞাসা করো মাকে। তবুও রাণী বিশ্বাস করে না (১)। শেষে সর্বজয়ার মুখে সব শুনিয়া রাণী অবাক হইয়া গেল। অপুকে বাহিরের উঠানে ডাকিয়া বলিল (২), কবে যাবি রে ?

—সামনের বুধবারের পরের বুধবার।

—আসবি নে আর কখনো ?

রাণীর চোখ অশ্রুপূর্ণ হইয়া উঠিল, বলিল — তুই যে বলিস্ নিশ্চিন্দিপুর আমাদের বড় ভাল গাঁ, এমন মাঠ কোথাও নেই—সেই গাঁ ছেড়ে তুই যাবি কি করে ?

অপু বলিল, আমি কি করবো, আমি তো আর যাবার কথা বলিনি (৩)। বাবাকে যেতেই হবে, এখানে আমাদের চলে না যে।

Hints : 1. Would not believe. 2. Called out to the outer courtyard. 3. It was not I who suggested it.

৮৬. ব্যাপার হলো এই (১), তাদের ক্লাসের নন্দ স্কুলের সেরা খেলোয়াড়। ক্রিকেটের ক্যাপ্টেন। গেলো বছর স্কুল লীগের কাপটা নিতে নিতে (২) তারা রাণীভবানী স্কুলের কাছে হেরে গেলো (৩)। এবছর তারা খুব তৈরি হয়েছে। তাদের কাছে এবার কোনও দল এগুতে পারবে না (৪)। কয়েকদিন থেকে ছেলেদের মুখে এ ছাড়া কথা (৫) নাই। তারা খুব উৎসাহী। পরশুই খেলা আরম্ভ, এমন সময় কিনা খবর এলো মাঠে হঠাৎ পড়ে গিয়ে নন্দর ঠ্যাং গেছে ভেঙে। পনেরো দিনের মধ্যেও সেরে উঠবার আশা নাই।

Hints : 1. The fact was this. 2. About to win. 3. Suffered defeat. 4. No team had any chance of facing them. 5. Talk.

৮৭ দ্বিতীয় চন্দ্রগুপ্ত সুযোগ্য পিতার সুযোগ্য সন্তান (১) ছিলেন। তিনি কেবল সাম্রাজ্য বৃদ্ধি করিয়াই (২) ক্ষান্ত হন নাই, তিনি একটি সুদক্ষ শাসনব্যবস্থা (৩) স্থাপন করেন। বিদেশী পর্যটকের বর্ণনায় এই শাসনব্যবস্থার প্রশংসা রহিয়াছে। জনসাধারণের অবস্থা খুবই ভাল ছিল, তাহারা সুখী জীবন যাপন করিত। ফা-হিয়েন দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালের প্রশংসা করিয়া গিয়াছেন। গুপ্ত শাসকেরা কোন কঠোর শাস্তি দেওয়া ব্যতিরেকেই (৪) শাসন করিতেন। ফা-হিয়েন মৌর্য রাজপ্রাসাদ, চিকিৎসালয় দেখিয়া বিস্ময়াভিভূত হইয়াছিলেন। তাই গুপ্ত রাজগণের অধীনে ভারত -সাম্রাজ্যের পুনর্গঠন (৫) ভারত ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়।

Hints : 1. Worthy son of a worthy father. 2. To extend. 3. Good administration. 4. Without resort to any severe punishment. 5. Revival.

৮৮ সন্ন্যাসী ঘরে প্রবেশ করিয়া কহিলেন, “মৃত্যুঞ্জয়, কি চাও?”

সে বলিয়া উঠিল, “আমি আর কিছুই চাই না—আমি এই সুড়ঙ্গ (১) হইতে, অন্ধকার হইতে, এই সোনার গারদ (২) হইতে বাহির হইতে চাই। আমি আলোক চাই, মুক্তি চাই, আকাশ চাই।”

সন্ন্যাসী বলিলেন, “এই সোনার ভাণ্ডারের চেয়ে মূল্যবান রত্নভাণ্ডার (৩) এখানে আছে। একবার যাইবে না?”

মৃত্যুঞ্জয় কহিল, “না, যাইব না।”

সন্ন্যাসী কহিল, “একবার দেখিয়া আসিবার কৌতূহলও নাই ?”

মৃত্যুঞ্জয় কহিল, “না, আমি দেখিতে চাই না। আমাকে যদি কৌপিন পরিয়া ভিক্ষা করিয়া বাঁচিতে হয় (৪) তবু এখানে এক মুহূর্তও কাটাইতে ইচ্ছা করি না।”

Hints : 1. Tunnel. 2. Prison-house of gold. 3. Treasure-trove more precious than this gold. 4. Even if I have to go abegging in a piece of loin-cloth.

৮৯ প্রতিযোগিতামূলক পরীক্ষা (১) দিয়ে সরকারী চাকরিতে ঢোকার প্রবর্তন হয় ১৮২৫ খ্রীষ্টাব্দে। এই প্রবর্তনের একটি ইতিহাস আছে। উল্লিখিত সালের ডিসেম্বর মাসে সংস্কৃত কলেজে একটি অধ্যাপকের পদ খালি হয় (২)। অনেকেই এই পদটির জন্য কর্তৃপক্ষকে নানাভাবে ধরাধরি করেন (৩)। কর্তৃপক্ষ তখন একটু মুস্কিলে পড়লেন (৪), কেননা, যাঁরা পদটি পাবার চেষ্টা করছিলেন, তাঁরা জ্ঞানে-গুণে কেউ কারো চেয়ে খাটো নন। শেষকালে ঠিক হল একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা হবে, এবং পরীক্ষকেরা যাকে মনোনীত করবেন তাঁকেই চাকরিটি দেওয়া হবে।

Hints : 1. Competitive examination. 2. Fell vacant. 3. To canvass. 4. To be in a fix.

৯০ আমার মতে ছাত্রদের উচ্ছৃঙ্খলতার (১) প্রধান কারণ গৃহে ও বিদ্যালয়ে ধর্ম ও নীতি শিক্ষার অভাব। অত্যন্ত দুঃখের সহিত বলিতে হইতেছে (২) যে, অভিভাবকগণ তাঁহাদের সন্তানদের সম্বন্ধে যথোচিত যত্ন নেন না। সন্তানদের বিদ্যালয়ে পাঠাইয়া ও প্রতিমাসে নিয়মিত বেতন দিয়া অথবা গৃহ-শিক্ষক রাখিয়া তাঁহাদের কর্তব্য শেষ হইয়া গেল (৩) বলিয়া তাঁহারা মনে করেন। কিন্তু প্রকৃতপক্ষে তাঁহাদের দায়িত্ব ইহার চেয়ে অনেক বেশী। সদাসর্বদা সন্তানদের আচরণের প্রতি লক্ষ্য রাখিয়া (৪) তাহাদের দোষত্রুটি সংশোধন করিয়া (৫) দিতে হয়। গৃহে পিতা-মাতা ও বিদ্যালয়ে শিক্ষকগণকে নিজেদের দৃষ্টান্ত দেখাইয়া (৬) ছেলে-মেয়েদের সম্মুখে উচ্চ আদর্শ তুলিয়া ধরিতে হইবে (৭)।

Hints : 1. Indiscipline. 2. It is to be deeply regretted. 3. Duty ends. 4. To keep a watch on. 5. To put them right. 6. In their personal lives. 7. To set noble examples.

৯১ রতন আর কোনো কথা জিজ্ঞাসা করিল না। পোষ্টমাষ্টার আপনিই (১) তাহাকে বলিলেন, তিনি বদলির জন্য দরখাস্ত করিয়াছিলেন, দরখাস্ত নামঞ্জুর হইয়াছে। তাই তিনি কাজে জবাব দিয়া (২) বাড়ী যাইতেছেন। অনেকক্ষণ কেহ কোনো কথা কহিল না। মিটমিট করিয়া (৩) প্রদীপ জ্বলিতে লাগিল এবং একস্থানে ঘরের জীর্ণ চাল ভেদ করিয়া (৪) একটি মাটির সরার উপর টপটপ করিয়া বৃষ্টির জল পড়িতে লাগিল (৫)। কিছুক্ষণ পর রতন আস্তে আস্তে উঠিয়া রান্নাঘরে রুটি গড়িতে (৬) গেল। অন্যদিনের মত তেমন চটপট হইল না (৭)। বোধ করি মধ্যে মধ্যে মাথায় অনেক ভাবনা উদয় হইয়াছিল (৮)। পোষ্টমাষ্টারের আহার শেষ হইলে বালিকা হঠাৎ তাঁহাকে জিজ্ঞাসা করিল, "দাদাবাবু, আমাকে তোমার বাড়ী নিয়ে যাবে ?"

Hints : 1. Of his own accord. 2. Had resigned his office. 3. Dimly. 4. Through the tattered roof. 5. Drops of rainwater began to fall. 6. To make or prepare. 7. To finish quickly. 8. Crowded (or, Came crowding) into her head.

৯২ রাম তিনদিন ধরিয়া বৌদির নিকট হইতে আহ্বানের (১) প্রত্যাশা করিয়াছে। অবশেষে হতাশ হইয়া (২) সে চিন্তা করিল বৌদি তাহাকে দূরে সরাইয়া রাখিতেই চায়। সে নিজে দূরে যাইতে না চাহিলেও বৌদির ইচ্ছা পূরণ করিবার জন্য তাহার মামার বাড়ী তারকেশ্বর যাইতে সে মনস্থ করিল। নারায়ণী যখন তাহাকে সাধিয়া আনিবার (৩) উদ্যোগ করিতেছে তখনই সে চলিয়া যাইতে প্রস্তুত হইতেছিল ; ভোলাকে দিয়া নারায়ণীর কাছে যাওয়ার ভাড়া হিসাবে (৪) দুইটি টাকা চাহিয়া পাঠাইল। নারায়ণীর নিকট হইতে ডাক পাইয়া বিনাবাক্য ব্যয়ে চলিয়া আসিল। নারায়ণী তাহাকে টানিয়া নিয়া সস্নেহে তাহাকে খাইতে বসাইলেন। মিলনের (৫) এই আনন্দে নারায়ণীর অশ্রু রামের মাথায় এবং পিঠে ঝরিয়া পড়িতে লাগিল (৬)।

Hints : 1. Call. 2. In despair. 3. To coax one back. 4. Passage fare. 5. Reconciliation. 6. To trickle down.

৯৩ মহেন্দ্র চলিয়া গেল। কল্যাণী একা বালিকা লইয়া সেই জনশূন্য স্থানে প্রায় অন্ধকারে কুটিরমধ্যে চারিদিকে নিরীক্ষণ করিতেছিলেন (১)। তাঁহার মনে বড় ভয় হইতেছিল। কেহ কোথাও নাই। মানুষ্যমাত্রের শব্দ পর্যন্ত পাওয়া যায় না (২)। কেবল শেয়াল-কুকুরের রব। ভাবিতেছিলেন, কেন তহাকে যাইতে দিলাম, না হয় আর কিছুক্ষণ ক্ষুধাতৃষ্ণা সহ্য করিতাম (৩)। মনে করিলেন, চারিদিকের দ্বার রুদ্ধ করিয়া বসি। কিন্তু একটি দ্বারেও অর্গল (৪) নাই। এইরূপ চারিদিক চাহিয়া দেখিতে দেখিতে সম্মুখস্থ দ্বারে একটি ছায়ার মত দেখিলেন।

Hints : 1. Left alone with the girl in that lonely place, Kalyani looked about the dark hut. 2. There was nobody anywhere, not even any human sound. 3. She regretted having allowed Mahendra to go, — she should have better borne hunger and thirst. 4. Bolt.

৯৪ তাহার পরদিন বিচার। বিচারশালা লোকে লোকারণ্য (১)। বিচারাসনে রাজা বসিয়াছেন, সভাসদেরা চারিদিকে বসিয়াছেন। সম্মুখে দুইজন বন্দী ; কাহারও হাতে শৃঙ্খল নাই (২), কেবল সশস্ত্র প্রহরী তাহাদিগকে ঘিরিয়া আছে। রঘুপতি পাষাণমূর্তির (৩) মতো দাঁড়াইয়া আছেন, নক্ষত্ররায়ের মাথা নত। রঘুপতির দোষ সপ্রমাণ করিয়া রাজা কহিলেন, "তোমার বলিবার কি আছে?" রঘুপতি কহিলেন, "আমার বিচার (৪) করিবার অধিকার আপনার নাই"। রাজা কহিলেন, "তবে তোমার বিচার কে করিবে ?" রঘুপতি — "আমি ব্রাহ্মণ, আমি দেশসেবক, দেবতা আমার বিচার করিবেন।" রাজা — "পাপের দণ্ড ও পুণ্যের পুরস্কার দিবার জন্য দেবতার সহস্র অনুচর (৫) আছে ; আমিও একজন।"

Hints : 1. The trial took place the next day in a crowded court. 2. Without any handcuffs on. 3. Statue. 4. To try. 5. Agents, instruments.

৯৫ রবীন্দ্রনাথ বুঝেছিলেন, দেশের গ্রামগুলির উন্নতি না হলে দেশকে বাঁচানো যাবে না; গ্রামের মানুষের মধ্যে শিক্ষার আলোক দিতে হবে, বৌ-ছেলেমেয়েদের সংসার নিয়ে সুখে বাঁচবার উপায় করে দিতে হবে (১)।

তিনি কোনোদিনই ভো
হতে হলে সকলের
রায় তার জন্য তিনি নি
পথে আসবার জন্য।
দরিদ্র কৃষকগণ এক জ

Hints : 1. Pr
several crops by

৯৬ ১৮৭১ সালে
এমনই জিনিস, যাহা কি
পত্রিকার সম্পাদক হই
স্থান পাইল (৪)। তাঁহা
ন্যায় লোকচক্ষুর সমক্ষে
মন মুগ্ধ হইত। কিন্তু
(৭) তাহা হস্তান্তরে গে

Hints : 1. Re
monthly journal.
or flashed before
other affairs. 8. C

৯৭ বিশ্ববিশ্রুত "
শিক্ষা, সভ্যতা ও শান্তি
হইয়াছেন। নোবেল খৃষ্টী
ছিলেন। জাহাজের (৪)
জলযান ধ্বংস করবার
গুণের অধিকারী (৬) হই
-মুখে ধাবিত হয়, নোবে

Hints : 1. The
his vast wealth i
5. Explosives. 6. In
through many fail

৯৮ আজকাল পরের
স্বার্থপর হইয়া পড়িতেছি।
যাহার এ শিক্ষা নাই সে
ভাবিতে থাক, তাহা হইলে
ভাবিতে শিখিব। আমি য
ছাড়া আরও দশজনের ব্য
না।

Hints : 1. Abso
examples. 4. A few
for them but for ma

৯৯ আমরা এখন বো

তাহাকে বলিলেন, তিনি
জবাব দিয়া (২) বাড়ী
তে লাগিল এবং একস্থানে
র জল পড়িতে লাগিল
দিনের মত তেমন চটপট
াষ্টমাষ্টারের আহার শেষ
য়ে যাবে ?”

ffice. 3. Dimly.
fall. 6. To make
g) into her head.

অবশেষে হতাশ হইয়া
না চাহিলেও বৌদির
ারায়ণী যখন তাহাকে
হল ; ভোলাকে দিয়া
ট হইতে ডাক পাইয়া
বসাইলেন। মিলনের
(৬)।

. Reconciliation.

অন্ধকারে কুটিরমধ্যে
নাই। মানুষ্যমাত্রের
কে যাইতে দিলাম,
করিয়া বসি। কিন্তু
একটি ছায়ার মত

looked about
sound. 3. She
borne hunger

াছেন, সভাসদেরা
প্রহরী তাহাদিগকে
। রঘুপতির দোষ
ার (৪) করিবার
– “আমি ব্রাহ্মণ,
স্কার দিবার জন্য

Vithout any

গ্রামের মানুষের
দিতে হবে (১)।

কোনোদিনই ভোলেন নি যে এদেশের বেশীর ভাগ মানুষ চাষ করে খায় (২) এবং এই চাষীদের দুঃখ দূর হলে সকলের আগে কৃষির উন্নতি করতে হবে। বৈজ্ঞানিক প্রথায় চাষ করে যাতে বেশী ফসল ফলানো তার জন্য তিনি নিজের ছেলেকে পাঠালেন জাপানে, আর জামাইকে পাঠালেন আমেরিকায় চাষকাজ ভালভাবে আসবার জন্য। এদিকে নিজে বীরভূম জেলার বোলপুরের কাছে কিছু জমি কিনলেন পরীক্ষার জন্য, যাতে কৃষকগণ এক জমিতে কয়েক রকম ফসল ফলাতে (৩) পারে।

Hints : 1. Provisions have to be made. 2. Live by cultivation. 3. To produce eral crops by rotation.

৯৬. ১৮৭১ সালে বঙ্গদর্শন প্রকাশিত হইল। বঙ্কিমের প্রতিভা আর এক-আকারে দেখা গেল (১)। প্রতিভা নই জিনিস, যাহা কিছু স্পর্শ করে তাহাকেই সজীব করে (২)। বঙ্কিমের প্রতিভা সেইরূপ ছিল। তিনি মাসিক ত্রিকার সম্পাদক হইতে গিয়া এরূপ মাসিক পত্রিকার সৃষ্টি করিলেন (৩), যাহা প্রকাশমাত্র বাঙ্গালীর ঘরে ঘরে ন পাইল (৪)। তাঁহার সকলই যেন চিত্তাকর্ষক, সকলই যেন মিষ্ট। বঙ্গদর্শন দেখিতে দেখিতে উদীয়মান সূর্যের য় লোকচক্ষুর সমক্ষে উঠিয়া পড়িল (৫)। তিনি সাম্য নীতি (৬) এমন করিয়া ব্যাখ্যা করিতেন যে যুবকদের ন মুগ্ধ হইত। কিন্তু দুঃখের বিষয় বঙ্গদর্শন বেশীদিন থাকিল না। বঙ্কিমবাবু বিষয়ান্তরে ব্যস্ত হওয়াতে (৭) তাহা হস্তান্তরে গেল (৮) ও সেই সঙ্গে তাহার আকর্ষণও গেল এবং ক্রমে তিরোভাব হইল।

Hints : 1. Revealed or manifested itself. 2. Give life to. 3. Created such a monthly journal. 4. Found a warm welcome in every Bengalee house. 5. Appeared or flashed before the public eye like the rising sun. 6. Socialism. 7. Was engaged in other affairs. 8. Changed hands.

৯৭. বিশ্ববিশ্রুত “নোবেল প্রাইজ” (১) মহাত্মা আলফ্রেড নোবেলের অবিনশ্বর কীর্তি (২)। তিনি জগতে শিক্ষা, সভ্যতা ও শান্তি-বর্ধনের উদ্দেশ্যে তাঁহার বিপুল ধনসম্পদ নিঃস্বার্থভাবে উৎসর্গ করিয়া (৩) অমর হইয়াছেন। নোবেল খৃষ্টীয় ১৮৩৩ অব্দে সুইডেন দেশে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা একজন সামান্য ইঞ্জিনীয়ার ছিলেন। জাহাজের (৪) নির্মাণকার্যে তাঁহার বিলক্ষণ দক্ষতা ছিল। তিনি নৌযুদ্ধে ব্যবহৃত সাবমেরিন নামক জলযান ধ্বংস করবার উপযোগী বিস্ফোরক পদার্থ (৫) আবিষ্কারের চেষ্টা করেন। নোবেলও পিতার এ সমস্ত গুণের অধিকারী (৬) হইয়াছিলেন। স্রোতস্বিনী যেরূপ শত শত বাধা অতিক্রম করিয়া (৭) প্রবলবেগে সাগরাভি-মুখে ধাবিত হয়, নোবেলের সাধনাও সেইরূপ বহু বিফলতা সহ্য করিয়া সিদ্ধির পথে ধাবিত হইল (৮)।

Hints : 1. The world famous ‘Nobel Prize’. 2. Undying glory. 3. By dedicating his vast wealth in an entirely selfless spirit to the promotion of. 4. Ship. 5. Explosives. 6. Inherited. 7. In the teeth of all obstacles. 8. Reached its fruition through many failures.

৯৮. আজকাল পরের জন্য কে ভাবে বল ত ! সকলেই নিজেকে লইয়া ব্যস্ত (১)। আমরাও সকলেই ক্রমশঃ স্বার্থপর হইয়া পড়িতেছি। আমরা ভুলিয়া গিয়াছি সকল শিক্ষার সার (২) হইতেছে পরের ভাবনা ভাবিতে শিখা। যাহার এ শিক্ষা নাই সে শিক্ষিত নহে। দৃষ্টান্ত দ্বারা সহজেই শিক্ষা পাওয়া যায় (৩)। তুমি যদি আমার ভাবনা ভাবিতে থাক, তাহা হইলে আমি তোমার ভাবনা অবশ্য ভাবিব, আর মধ্যে মধ্যে আরও পাঁচজনের (৪) জন্য ভাবিতে শিখিব। আমি যদি আরও দশজনকে আমার ব্যথার সাথী হইতে দেখি (৫), তবে আমিও সেই কয়জন ছাড়া আরও দশজনের ব্যথা বুঝিতে পারিব (৬)। অবশ্য এ কথা বলিতেছি না যে কেহ আপনার কথা ভাবিবে না।

Hints : 1. Absorbed in self. 2. Essence. 3. A lesson is easily learnt through examples. 4. A few others. 5. Find others sharing my sorrows. 6. Feel not only for them but for many others also.

৯৯. আমরা এখন বোলপুর শান্তিনিকেতনে বাস করিতেছি। জায়গাটি রমণীয়, আলোকে আকাশে বাতাসে

আনন্দে শান্তি যেন পরিপূর্ণ (১)। এখানকার আকাশে (২) চলিবার সময় নিয়ত যেন একটি মঙ্গলের স্পর্শ (৩) অনুভব করি। এখানে জীবন বহন করা (৪) নিতান্তই সহজ ও সরল। কলিকাতার আবর্তনের (৫) মধ্যে আমার আর কিছুতেই ফিরিতে ইচ্ছা করে না। এখানে নিভৃতে নির্জনে ধ্যানে (৬) ও প্রেমে জীবনকে ধীরে ধীরে বিকশিত করিয়া তুলিবার জন্য (৭) অত্যন্ত আগ্রহ (৮) জন্মিয়াছে। পূর্বেই লিখিয়াছি এখানে একটি বোর্ডিং বিদ্যালয় স্থাপনের আয়োজন করিয়াছি।

Hints : 1. Very pleasant, — so full of light, the open sky, air, joy and peace. 2. Atmosphere. 3. Touch of something good. 4. Life here. 5. Whirlpool. 6. In divine contemplation. 7. To develop. 8. A strong urge or desire.

১০০ অনুসন্ধান করিয়া তাহার বাসা জানিলাম (১)। মন্মথ তাহার নাম — সে কলেজের ছাত্র, পরীক্ষায় ফেল করিয়া গ্রীষ্মাবকাশে ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতেছে, তাহার বাসার ছাত্রগণ (২) সকলেই আপন আপন বাড়ি চলিয়া গিয়াছে। দীর্ঘ অবকাশকালে সকল ছাত্রই বাসা ছাড়িয়া পালায় — এই লোকটিকে কোন্ দুষ্ট গ্রহ ছুটি দিতেছে না (৩) তাহা বাহির করিতে কৃতসঙ্কল্প হইলাম। আমিও ছাত্র সাজিয়া তাহার বাসায় এক অংশ গ্রহণ করিলাম (৪)। প্রথম দিন যখন সে আমাকে দেখিল, কেমন এক অদ্ভুতভাবে (৫) সে আমার মুখের দিকে চাহিল, তাহার মনের ভাবটা ভালো বুঝিলাম না (৬)। বুঝিলাম (৭) এ একটি কঠিন লোক — ইহাকে সোজাভাবে ফস করিয়া আয়ত্তে আনা যাইবে না (৮)।

Hints : 1. Where he lived. 2. All the other students. 3. Evil planet kept him back. 4. Took up residence as a student etc. 5. In a strange way. 6. Could not fathom his mind. 7. Had guessed. 8. A hard nut to crack, — not to be easily tackled by direct means.

১০১ আজকাল শিক্ষা বলিতে আমরা সাধারণতঃ বুঝি (১) বিদ্যালয়ে নির্দিষ্ট পুস্তকগুলি পাঠ করা এবং পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। বস্তুতঃ শিক্ষার মূল উদ্দেশ্য (২) আমরা ভুলিয়া গিয়াছি। এখন পরীক্ষায় কোন প্রকারে উত্তীর্ণ হইয়া অর্থ উপার্জন করিতে পারিলেই শিক্ষিত বলিয়া গণ্য হইতে পারা যায় (৩)। কাজেই শিক্ষাকে উপযুক্ত কার্যকরী করা (৪) জনক-জননী বা অধ্যপকগণের চরম লক্ষ্যস্থল (৫) হইয়া দাঁড়াইয়াছে। কিন্তু ইহা যে প্রকৃত শিক্ষা নয় তাহা বিবেচকমাত্রই (৬) স্বীকার করিবেন। মনুষ্যহৃদয়ের সুপ্রবৃত্তির উন্মেষ (৭) করাই প্রকৃত শিক্ষা।

Hints : 1. Education usually means to us. 2. Main object. 3. Use "one" or "a person" as the subject of the sentence. 4. Turn education as a means of producing wealth. 5. Sole aim. 6. Every sensible man. 7. Development of the finer qualities.

১০২ রবির গান শুনে মহর্ষি বলতেন, রবি আমাদের বাংলাদেশের বুলবুল (১)। একবার কোন উৎসব উপলক্ষে রবীন্দ্রনাথ অনেকগুলি গান রচনা করেছিলেন। মহর্ষিদেব তখন ছিলেন চুচুঁড়ায়। কবির ডাক পড়ল সেখানে। জ্যোতিদাদাকে হারমোনিয়ামে বসিয়ে (২) কবি নতুন গান সব কটি একে একে গাইলেন। গান শেষে মহর্ষি বললেন, " দেশের রাজা যদি দেশের ভাষা ও সাহিত্যের আদর বুঝত (৩) তবে কবিকে তারা পুরস্কার দিত। রাজার দিক থেকে যখন সে সম্ভাবনা নেই তখন আমাকেই সে কাজ করতে হবে।" এই বলে তিনি পাঁচশ' টাকার একখানি চেক ছেলের হাতে দিলেন।

রাজার দিক থেকে (৪) যে পুরস্কার সম্ভাবনা সেদিন ছিল না, সে পুরস্কার কিন্তু পরে এসেছিল বিশ্বের দিক থেকে। রাজপুরস্কারের মুল্য কম নয় (৫), কিন্তু বিশ্বকবিরূপে (৬) যে পুজা তিনি পেয়েছেন, তাকে সোনারূপোর ভিত্তিতে ওজন করা যায় না (৭)। তাই সে অমূল্য।

Hints : 1. Nightingale. 2. To the accompaniment of the tune played upon the harmonium by his elder brother Jyoti. 3. Could appreciate. 4. From the king. 5. Great as the worth of royal reward. 6. As a world poet. 7. Cannot be measured in terms of gold and silver.

---

১০৩ বিজ্ঞান-জগতে সবচেয়ে
সকল উপকরণ (১) দেখা যায় তাহাদে
বসিয়া বিশ্বের সংবাদ পাইতেছি। গ্রীষ্মে
সকল বৈদ্যুতিক আলোকমালায় শোভি
উপকারে লাগে। বৈদ্যুতিক শক্তির প্র
প্রস্তুত হইতেছে। বর্তমান সভ্যতার অধি
(৩) অধ্যাপক ভোল্টা।

Hints : 1. The materials

১০৪ সময় একবার চলিয়া গেলে
একমুহূর্তও সে কোথাও দাঁড়াইয়া থাকে
ফিরিয়া পাইব না। যাহারা দীর্ঘসূত্রী (২
করিয়া ইচ্ছা করিয়া (৪) ফেলিয়া রাখ
করিয়া উঠিতে পারে না। আমরা অনে
নহে। ইহা ছাড়া (৬) মানুষের আয়ুই বা
তাই হাতে যেটুকু সময় আছে সদ্ব্যবহা

Hints : 1. Without any
4. Wilfully. 5. Put off. 6. Besi
man's life -time. 8. Untimely

১০৫ রাষ্ট্রপতি হিসাবে বিভিন্ন দে
থেকে পেয়েছি অনেক ধরনের উপহার
উপহার সেই দেশের সংস্কৃতি এবং সভ্য
(৫) করে না রেখে রাষ্ট্রপতি ভবনের
দেখতে পায়। এখন তাই হয়েছে। অতীতে
মিউজিয়াম গড়ে তোলা হয়েছে। নানা

Hints : 1. Heads of state
into a box. 6. Rare.

১০৬ রাজা বলিলেন, " এ বৎস
হইয়া গেল (২)। রাজভ্রাতা নক্ষত্ররায়ের
স্বপ্ন দেখিতেছি !"

রাজা বলিলেন, "না ঠাকুর, এতদি
বালিকার মূর্তি ধরিয়া মা আমাকে দেখা
জীবের রক্ত আর দেখিতে পারেন না।"

রঘুপতি কহিলেন, "মা তবে এতদিন

রাজা কহিলেন, "না পান করেন নাই।

রঘুপতি বলিলেন, "মহারাজ, রাজকা
দেবীর যদি ইহাই ইচ্ছা হইত আমিই আ

রাজা বলিলেন, "হৃদয় যার কঠিন হ

য়ত যেন একটি মঙ্গলের স্পর্শ
লিকাতার আবর্তনের (৫) মধ্যে
ও প্রেমে জীবনকে ধীরে ধীরে
খিয়াছি এখানে একটি বোর্ডিং

ky, air, joy and peace.
Whirlpool. 6. In divine

সে কলেজের ছাত্র, পরীক্ষায়
সকলেই আপন আপন বাড়ি
াকটিকে কোন্ দুষ্ট গ্রহ ছুটি
হার বাসায় এক অংশ গ্রহণ
আমার মুখের দিকে চাহিল,
— ইহাকে সোজাভাবে ফস

vil planet kept him
e way. 6. Could not
— not to be easily

পুস্তকগুলি পাঠ করা এবং
ন পরীক্ষায় কোন প্রকারে
। কাজেই শিক্ষাকে উপযুক্ত
াছে। কিন্তু ইহা যে প্রকৃত
(৭) করাই প্রকৃত শিক্ষা।

. Use "one" or "a
eans of producing
he finer qualities.

। একবার কোন উৎসব
ড়ায়। কবির ডাক পড়ল
ক গাইলেন। গান শেষে
কবিকে তারা পুরস্কার
' এই বলে তিনি পাঁচশ'

এসেছিল বিশ্বের দিক
ন, তাকে সোনারূপোর

played upon the
From the king.
ot be measured

---

১০৩ বিজ্ঞান-জগতে সবচেয়ে আশ্চর্য ও অদ্ভুত জিনিস হইতেছে বিদ্যুৎ। মানবের সুখসমৃদ্ধির জন্য যে উপকরণ (১) দেখা যায় তাহাদের অধিকাংশেরই মূল (২) হইতেছে বিদ্যুৎ। বিদ্যুতের সাহায্যে আমরা গৃহে রা বিশ্বের সংবাদ পাইতেছি। গ্রীষ্মকালে বৈদ্যুতিক পাখার বাতাসে শরীরকে শীতল করিতেছি। বৃহৎ অট্টালিকা বৈদ্যুতিক আলোকমালায় শোভিত করিতেছি। অন্ধকারে রাস্তাঘাট দেখিবার জন্য 'টর্চ-লাইট' আমাদের কত কারে লাগে। বৈদ্যুতিক শক্তির প্রভাবে বড় বড় কল-কারখানায় আমাদের বিলাসের সামগ্রীসমূহ খুব সস্তায় ত হইতেছে। বর্তমান সভ্যতার অধিক জিনিষই বিদ্যুতের উপর নির্ভর করে। এই বিদ্যুতের আবিষ্কর্তা জড়বিজ্ঞানের) অধ্যাপক ভোল্টা।

Hints : 1. The materials that contribute to. 2. Root, source. 3. Physical Science.

১০৪ সময় একবার চলিয়া গেলে আর আসে না। খুব ধীরে ধীরে অবিরাম গতিতে সময় চলিয়া যায়, মুহূর্তও সে কোথাও দাঁড়াইয়া থাকে না (১)। এজন্য যদি আমরা কোন সময় নষ্ট করি তাহা আর জীবনে রিয়া পাইব না। যাহারা দীর্ঘসূত্রী (২) তাহাদের অভ্যাসই হল কালহরণ করা (৩), সময়ের কাজ সময়ে না রিয়া ইচ্ছা করিয়া (৪) ফেলিয়া রাখা (৫)। সময়ও তাহাদের উপর প্রতিশোধ লয়, — তাহারা কোন কাজই রিয়া উঠিতে পারে না। আমরা অনেকেই ভাবি প্রচুর সময় পড়িয়া আছে, পরে করা যাইবে। কিন্তু সময় প্রচুর হে। ইহা ছাড়া (৬) মানুষের আয়ুই বা কয়দিন, (৭) — অকালমৃত্যু (৮) আছে, আকস্মিক দুর্ঘটনা (৯) আছে। ই হাতে যেটুকু সময় আছে সদ্ব্যবহার না করিলে জীবনে তাহা করিবার সুযোগ না-ও হইতে পারে।

Hints : 1. Without any stop. 2. Procrastinating. 3. To waste or kill time. 4. Wilfully. 5. Put off. 6. Besides this ; moreover. 7. There is no certainty about a man's life -time. 8. Untimely death. 9. Accident.

১০৫ রাষ্ট্রপতি হিসাবে বিভিন্ন দেশে ভ্রমণ করতে গিয়ে রাষ্ট্রনায়কদের কাছ (১) থেকে সেই দেশের পক্ষ থেকে পেয়েছি অনেক ধরনের উপহার (২)। এই উপহারগুলির ঐতিহাসিক তাৎপর্য (৩) আছে। কেননা প্রতিটি উপহার সেই দেশের সংস্কৃতি এবং সভ্যতার প্রতিনিধিত্ব করে (৪)। সে জন্য আমি সিদ্ধান্ত নিই এগুলো বাক্সবন্দি (৫) করে না রেখে রাষ্ট্রপতি ভবনের ভিতরেই এগুলি প্রদর্শনের ব্যবস্থা করা হোক। যাতে দর্শনার্থীরা এগুলো দেখতে পায়। এখন তাই হয়েছে। অতীতের রাষ্ট্রপতিদের পাওয়া বহু উপহারও একইভাবে প্রদর্শিত হচ্ছে। এখানে মিউজিয়াম গড়ে তোলা হয়েছে। নানা ধরনের দুষ্প্রাপ্য (৬) ছবি এবং মূর্তি রয়েছে।

এ. পি. জে. আব্দুল কালাম।

Hints : 1. Heads of states. 2. Gifts. 3. Significance. 4. Represents. 5. To put into a box. 6. Rare.

১০৬ রাজা বলিলেন, " এ বৎসর হইতে মন্দিরে জীববলি (১) আর হইবে না।" সভাসুদ্ধ লোক অবাক হইয়া গেল (২)। রাজভ্রাতা নক্ষত্ররায়ের মাথার চুল পর্যন্ত দাঁড়াইয়া উঠিল (৩)। রঘুপতি বলিলেন, "আমি এ কি স্বপ্ন দেখিতেছি !"

রাজা বলিলেন, "না ঠাকুর, এতদিন আমরা স্বপ্ন দেখিতেছিলাম, আজ আমাদের চেতনা হইয়াছে। একটি বালিকার মূর্তি ধরিয়া মা আমাকে দেখা দিয়াছিলেন। তিনি বলিয়া গিয়াছেন, করুণাময়ী জননী হইয়া মা তাঁহার জীবের রক্ত আর দেখিতে পারেন না।"

রঘুপতি কহিলেন, "মা তবে এতদিন ধরিয়া জীবের রক্ত পান করিয়া আসিতেছেন কি করিয়া?"

রাজা কহিলেন, "না পান করেন নাই। তোমরা যখন রক্তপাত করিতে তখন তিনি মুখ ফিরিয়া (৪) থাকিতেন।"

রঘুপতি বলিলেন, "মহারাজ, রাজকার্য আপনি ভালো বুঝেন, কিন্তু পূজা সম্বন্ধে আপনি কিছুই জানেন না। দেবীর যদি ইহাই ইচ্ছা হইত আমিই আগে জানিতে পারিতাম।"

রাজা বলিলেন, "হৃদয় যার কঠিন হইয়া গিয়াছে (৫) দেবীর কথা সে শুনিতে পায় না।"

Hints : 1. Animal sacrifice. 2. To be struck dumb. 3. To stand on end. 4. To turn away the face. 5. To be hardened.

১০৭ কাঙ্গালী আর প্রার্থনা করিল না। এই ঘণ্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়ো হইয়া গিয়াছিল (১)। নিঃশব্দে ধীরে ধীরে সে মরা মায়ের কাছে গিয়া উপস্থিত হইল। নদীর চরে গর্ত খুঁড়িয়া (২) অভাগীকে শোয়ানো হইল। রাখালের মা কাঙ্গালীর হাতে একটা খড়ের আঁটি (৩) জ্বালিয়া দিয়া হাত ধরিয়া মায়ের মুখ স্পর্শ করাইয়া ফেলিয়া দিল। তারপরে সকলে মিলিয়া মাটি চাপা দিয়া কাঙ্গালীর মায়ের শেষ চিহ্ন (৪) বিলুপ্ত করিয়া দিল।

সবাই সকল কাজে ব্যস্ত — শুধু সেই পোড়া খড়ের আঁটি হইতে স্বল্প ধুঁয়াটুকু ঘুরিয়া আকাশে উঠিতেছিল তাহারই প্রতি পলকহীন চক্ষু পাতিয়া কাঙ্গালী উর্ধ্বদৃষ্টিতে স্তব্ধ হইয়া চাহিয়া রহিল (৫)।

Hints : 1. His experience during the last two hours or so had made him almost old. 2. A pit dug into the charland on the riverbed. 3. A stack of burning straw. 4. Last remains. 5. Sat silently looking upwards with steady eyes at the thin smoke curling up into the sky.

১০৮ সিদ্ধেশ্বরী আশায়, আনন্দে উত্তেজিত হইয়া উঠিলেন। পুনশ্চ প্রশ্ন করিলেন, “ সে যেন হলো, কিন্তু ধরো পটল (১), তাকে ত আমিই মানুষ করেছি (২)। হাকিমকে যদি বলা যায় সে আমাকে ছাড়া থাকতে পারে না, চাই কি ভেবে ভেবে তার শক্ত অসুখ হতে পারে (৩), তা হলে কি হাকিম রায় দিবেন না সে তার জ্যাঠাইমার কাছেই থাকুক ; বেশ ! অমনি তোমার নাক ডাকছে (৪)। আমার কথা বুঝি শোন নি।” বলিয়া সিদ্ধেশ্বরী স্বামীর পায়ের উপর সজোরে নাড়া দিলেন। গিরিশ জাগিয়া উঠিয়া বলিলেন, “ নিশ্চয় না।” সিদ্ধেশ্বরী রাগ করিয়া বলিলেন, “ কেন নয়। মা বলেই (৫) ছেলেকে মেরে ফেলবে মহারাণীর এমন কিছু হুকুম নেই। কালই যদি মেজঠাকুরপোকে দিয়ে উকিলের চিঠি (৬) দিই, কি হয় তাহালে ?”

Hints : 1. Take the case of Patal. 2. To bring up. 3. May be even taken dangerously ill by brooding over the matter. 4. Well, you are snoring already. 5. Simply because she is the mother, only on the strength of her motherhood. 6. A pleader’s notice.

১০৯ দাদা স্কুলে যাইবার সময় মাঝে মাঝে আমাকে সঙ্গে করিয়া লইয়া যাইতেন। দাদাদের মাষ্টারটি বড় ভাল মানুষ ছিলেন। আমি মনে করিতাম স্কুলের মাষ্টাররাই বোধ হয় এইরূপ। বাড়ীতে তিন বৎসর ধরিয়া কয়েকখানি বই শেষ করিলাম (১)। তারপর আমাকে স্কুলে পাঠাইয়া দিল। কয়েক বৎসর বেশ কাটিল (২), কিন্তু মাষ্টারকে আর তত ভাল লাগে না (৩)। কবে বড় হইয়া স্কুল ছাড়িয়া দিব, এই চিন্তা অনবরত মনে হইত। তখন তৃতীয় শ্রেণীতে পড়ি, ইংরাজি কয়েকখানা বই পড়িয়াছিলাম। তাহার একখানার মধ্যে একজন সাহেবের কথা লেখা ছিল। তিনি বাড়ী ছাড়িয়া বিদেশে গিয়াছিলেন (৪)। সেখানে অনেক কষ্টভোগ করিয়া শেষে বহু টাকা করিয়াছিলেন (৫)। সাহেব যে বয়সে বাড়ী ছাড়িয়াছিলেন, মিলাইয়া দেখিলাম আমারও এখন সেই বয়স।

Hints : 1. Finished a few books at home in three years. 2. Passed by quite well. 3. My liking for the teacher fell off. 4. Had gone abroad. 5. Made a lot of money.

১১০ দেশভ্রমণ শিক্ষার একটি প্রধান অঙ্গ (১)। বিদ্যালয়ে পাঠ্যপুস্তক হইতে আমরা যে শিক্ষা লাভ করি, তাহাতে প্রত্যক্ষ জ্ঞান (২) হয় না। বাড়ীতে আরামে বসিয়া আমরা ভূগোলে নানা দেশের কাহিনী পড়ি। কত বিচিত্র (৩) দেশ, কত বিচিত্র তাহাদের অধিবাসী, আর বিচিত্র তাহাদের সামাজিক রীতিনীতি ও জীবনযাত্রা প্রণালী (৪)। পুস্তক পড়িয়া আমরা এই সমস্ত দেশ সম্বন্ধে জ্ঞানলাভ করি বটে, কিন্তু সে জ্ঞান সম্পূর্ণ (৫) হয় না। দেশ ভ্রমণ না করিলে তাই শিক্ষা অপূর্ণাঙ্গ। এইজন্য ইউরোপ, আমেরিকা প্রভৃতি পাশ্চাত্ত্য দেশগুলিতে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য দেশভ্রমণের ব্যবস্থা করা হয়। আমাদের দেশেও অদূর ভবিষ্যতে (৬) এ ব্যবস্থা প্রচলিত হওয়া নিতান্ত প্রয়োজন।

Hints : 1. Part. 2. Direct knowledge. 3. Varied. 4. Ways of life. 5. Complete. 6. Near future.

১১১ যে বঙ্গবাসীর গৃহে আতিথ্য (১) স্বীকার করিতে যাইতেছিলাম, তাঁহার উদ্যানে গাড়ী প্রবেশ করিল। গৃহটি কোন ধনবান ইংরাজের হইবে বলিয়া আমার প্রথমে ভ্রম হইল (২)। পরক্ষণেই সে ভ্রম গেল। বারান্দায় গুটিকতক বাঙ্গালী বসিয়া আমার গাড়ী নিরীক্ষণ করিতেছিলেন। তাঁহাদের নিকটে গিয়া গাড়ী থামিলে, আমি গাড়ী হইতে অবতরণ করিলাম। আমাকে দেখিয়া তাঁহারা সকলেই অগ্রসর হইলেন। না চিনিয়া (৩) যাঁহার অভিবাদন সর্বাগ্রে গ্রহণ করিয়াছিলাম, তিনিই বাড়ীর কর্তা। তিনি বহু লোকের মাঝে (৬) থাকিলেও আমার দৃষ্টি বোধ হয় প্রথমেই তাঁহার মুখের প্রতি পড়িত। তখন তাঁহার বয়স বোধ হয় পঞ্চাশ অতীত হইয়াছিল। তথাপি তাঁহাকে বড় সুন্দর দেখাইতেছিল।

Hints : 1. Hospitality. 2. To mistake for. 3. Without knowing. 4. In an assembly of.

১১২ ইন্দ্র আমার দিকে চাহিয়া কহিল, "তুই বুঝি এই বাড়ীতে থাকিস, শ্রীকান্ত ?" "হাঁ," আমি বলিলাম, "তা, তুমি এত রাত্তিরে কোথায় যাচ্ছ ?" ইন্দ্র হাসিয়া কহিল, "রাত্তিরে কোথায় রে, এই তো সন্ধ্যা। আমি যাচ্ছি আমার নৌকায় — মাছ ধরে আনতে। যাবি ?" আমি সভয়ে জিজ্ঞাসা করিলাম, "এত অন্ধকারে নৌকায় চড়বে ?" সে আবার হাসিয়া কহিল, "ভয় কিরে ? সেই তো মজা (১)। তাছাড়া (২) অন্ধকার না হলে কি মাছ পাওয়া যায়। সাঁতার জানিস ?" "খুব জানি।" "তবে আয় ভাই" বলিয়া সে আমার একটা হাত ধরিল। কহিল, "আমি একলা এত স্রোতে উজান বাইতে (৩) পারি না—একজন কাউকে খুঁজি যে ভয় পায় না" আমি আর কথা কহিলাম না। তাহার হাত ধরিয়া নিঃশব্দে রাস্তার উপর আসিয়া উপস্থিত হইলাম।

Hints : 1. That's the fun. 2. Besides. 3. To row against the current.

* * *

or mistake, the loss of a game or train, will for a time overshadow the sunshine of life. But no number of small troubles can make a great sorrow if we refuse to add them together. They should be dealt with separately. The troubles of life are like the sticks in the story. If they are kept apart we can easily break them, but if they are allowed to unite into a bundle, they may break us.

88. Buy nothing because it is offered cheap. The question should be, not—is this article worth, or worth more than, its price,—but, can I not possibly get along without it? This is the secret of true economy—curtail your needs. You cannot expect to be able to purchase all that would add to your comfort and convenience. We must not only deny ourselves many things which would be pleasant, but also many which, at first view seem essential. Articles going cheap or offered gratis may at first be things of luxury to you, but through long use they would become articles of necessity, and you would find it very hard to do without them.

89. It is proper for the inferior to yield respect to the superior, especially if the superiority arises from ability or virtue or from high public office. But this respect is not to be servile for the purpose of flattering the superior. Every person, however humble, owes a respect to himself, which should forbid servility to other. It is also proper for the superior to treat his inferiors with kindness. They are his brethren as men and each has some degree of importance from his own station. Thus respect is due from the superior to the inferior as well as from the inferior to the superior. A contemptuous behaviour in anyone towards those whom he thinks his inferior, only shows that he is not altogether worthy of the place he occupies. On the other hand nothing so strongly betrays a vulgar and envious mind as to be constantly using abusive language at persons in an exalted position.

90. If you will believe me, you who are young, yours is the seed-time of life; in which if you do not sow, or if you sow tares instead of wheat, you will arrive at little. And in the course of years, if you have not done what you have heard from your advisers, you will utterly repent when it is too late. The habits of study acquired at unversities are of the highest importance in after life. At the season when you are young in years, the whole mind, is as it were, fluid, and is capable of forming itself into any shape that the owner of the mind pleases to allow it to form itself into. The mind is then in plastic or fluid state; but it hardens gradually to a rock or iron, and you cannot alter the habits of an old man; as he has begun, so he will proceed and go to the last.

91. The mystery of Napoleon's character was this,—that under all difficulties and discouragements, he pressed on. It should be the motto of all, and young, high and low, fortunate and unfortunate so called.
"Never despair, never be discouraged, however great the difficulties and repeated the failures, press on!" If your riches have left you, do not weep your life away; but make up the loss by new energy and new action. If an unfortunate bargain has upset your business, do not give up all as lost, but work all the more vigorously. If those whom you have trusted betrayed you, do not be discouraged, but 'press on', find other, or, better, learn to live within yourself. Let the foolishness of yesterday make you wise to day. If another has been false to you, do not increase the evil by being false to yourself.

